# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

বাংলাদেশ বেতার

Boishakh 12, 1431 Bangla, April 25, 2024, Thursday, No. 116, 54th year


# H I G H L I G H T S

PM Sheikh Hasina arrived in Bangkok on a six-day tour at the invitation of Thailand's Prime Minister Sretha Thavisin. (R. Today: 15)

AL GS warns disciplinary action will be taken against lawmakers & ministers whose relatives were contesting in the ongoing upazila parishad elections defying party instructions. (Jago FM: 18)

Despite directions of PM Sheikh Hasina, relatives of many MPs & ministers did not withdraw their nomination papers in Upazila Parishad elections. Many see it as extreme arrogance. A number of BNP leaders are also taking part in the election. (DW: 09; VOA: 06)

Indian Home Minister Amit Shah says, citizenship will be granted to those religious minorities who come to India after being persecuted in BD. Adds, to free Bengal from infiltrators, it is necessary to implement the Citizenship Amendment Act there. (R. Today: 16)

High Court has asked for a list of how many Rohingyas who came to Bangladesh from Myanmar have obtained Bangladeshi citizenship or become voters. (R. Today: 14)

Two & a half years ago, BD's foreign exchange reserves were 48.06 billion. Now with actual reserves, it is difficult to meet import liability of 3 months. Such situation has raised concern among importers. (Jago FM: 19)

Heat alert is extended for another 3 days. People die every day from heatstroke. According to media, more than 33 people died of heat stroke in four days from April 20 to Tuesday. (Jago FM: 20; R. Today: 14)

Despite increase in power generation in country, load shedding is increasing as compared to earlier. Avoiding capital & other big cities, load shedding has increased in rural areas. (VOA: 06)

BGMEA did not give any compensation to any Rana Plaza victims as per recommendation of Govt high-level committee saying that they could not afford to pay so much. (DW: 10)

Road Safety Foundation says, both road accidents & fatalities have increased in this year's Eid journey. Last year, 285 people lost their lives in 240 accidents. This time 367 people were killed in 358 accidents. (Jago FM: 17)

Six workers were killed and 8 others injured when a dump truck fell into a ditch at Baghaichhari in Rangamati. (R. Today: 13)


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ১২, বাংলা ১৪৩১, এপ্রিল ২৫, ২০২৪, বৃহস্পতিবার, নং-১১৬, ৫৪তম বছর**

# শিরোনাম

থাইল্যান্ডের প্রধানমন্ত্রী স্রেথা থাভিসিনের আমন্ত্রনে ছয় দিনের দ্বীপক্ষীয় সফরে ব্যাংকক পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রে. টুডে: ১৫)

উপজেলা নির্বাচনে মন্ত্রী-এমপির স্বজনরা প্রার্থিতা প্রত্যাহার না করলে সময়মতো সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে বলে সতর্ক করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। (জাগো এফএম: ১৮)

উপজেলা পরিষদ নির্বাচনে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার নির্দেশ সত্ত্বেও অনেক মন্ত্রী, এমপির আত্মীয়-স্বজন মনোনয়ন পত্র প্রত্যাহার করেননি। এটাকে চরম ঔদ্ধত্য হিসেবে দেখছেন অনেকেই। বিএনপির বেশ কয়েকজন নেতাও নির্বাচনে অংশ নিচ্ছেন। (ডয়চে ভেলে: ০৯; ভোয়া: ০৬)

বাংলাদেশে নির্যাতিত সংখ্যালঘুদের ভারতের নাগরিকত্ব দেয়া হবে বলে মন্তব্য করেছেন ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি বলেন, অনুপ্রবেশকারীদের হাত থেকে বাংলাকে মুক্ত করতে এখানে সংশোধিত নাগরিকত্ব আইন সিএএ কার্যকর করা জরুরি। (রে. টুডে: ১৬)

মিয়ানমার থেকে বাংলাদেশে আসা কতজন রোহিঙ্গা কক্সবাজার থেকে বাংলাদেশের নাগরিকত্ব পেয়েছেন বা ভোটার করা হয়েছে তার তালিকা চেয়েছেন হাইকোর্ট। (রে. টুডে: ১৪)

আড়াই বছর আগেও দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ছিল ৪৮ দশমিক শূন্য ৬ বিলিয়ন। তবে দেশের প্রকৃত যে পরিমাণ রিজার্ভ রয়েছে তা দিয়ে তিনমাসের আমদানি দায় মেটানো কষ্টকর বলছেন সংশ্লিষ্টরা। (জাগো এফএম: ১৯)

হিট অ্যালার্টের মেয়াদ বাড়ছে আরও তিনদিন। এদিকে, হিটস্ট্রোকে প্রতিদিন মানুষের মৃত্যু হচ্ছে। গণমাধ্যমের তথ্য অনুযায়ী, গত ২০ এপ্রিল থেকে গতকাল পর্যন্ত চার দিনে সারা দিনে হিট স্ট্রোকে মারা গেছেন ৩৩ জনের বেশি মানুষ। (জাগো এফএম: ২০;রে. টুডে: ১৪)

দেশে বিদ্যুৎ উৎপাদন বাড়লেও লোডশেডিং কমার কোনো লক্ষণ নেই। বরং আগের তুলনায় লোডশেডিং পরিমাণ বাড়ছে। রাজধানী ঢাকা ও অন্য বড় শহরে লোডশেডিং এড়াতে গিয়ে গ্রামাঞ্চলে লোডশেডিংয়ের পরিমাণ বেড়েছে। (ভোয়া: ০৬)

সরকারের উচ্চপর্যায়ের কমিটির সুপারিশ অনুযায়ী বিজিএমইএ কোনো ২০১৩ সালের রানা প্লাজা ক্ষতিগ্রস্তদের কোনো ক্ষতিপূরণ দেয়নি এই বলে যে তাদের এত টাকা দেওয়া সম্ভব নয়। (ডয়চে ভেলে: ১০)

রোড সেফটি ফাউন্ডেশন বলেছে, এবারের ইদযাত্রায় সড়ক দুর্ঘটনা এবং প্রাণহানি দুটোই বেড়েছে। গত বছর ইদুল ফিতরে ২৪০টি দুর্ঘটনায় ২৮৫ জনের প্রাণহানি ঘটেছিল। এবার ৩৫৮টি দুর্ঘটনায় ৩৬৭ জন নিহত হয়েছেন। (জাগো এফএম: ১৭)

রাঙ্গামাটির বাঘাইছড়িতে নিয়ন্ত্রণ হারিয়ে ডাম্প ট্রাক খাদে পড়ে ছয় শ্রমিক নিহত হয়েছেন। এসময় আরও অন্তত ৮ জন আহত হয়েছেন। (রে. টুডে: ১৩)

# বিবিসি

## তীব্র গরমে তাপের সাথে সাপও বাড়ে যে কারণে

তীব্র গরমে মানুষের মধ্যেই যে কেবল হাঁসফাঁস অবস্থা তৈরি হয়, তা নয়। একই অবস্থা তৈরি হয় সাপের ক্ষেত্রেও। দাবদাহে বিষাক্ত সাপও সক্রিয় হয়ে ওঠে। সাপ নিয়ে কাজ করে এমন একটি স্বেচ্ছাসেবী সংস্থা স্নেক রেসকিউ টিম বাংলাদেশ বলছে, দেশে বর্তমানে যে দাবদাহ চলছে তাতে সাপের প্রাদুর্ভাব বাড়ার আশংকা রয়েছে। এ সময়ে মানুষকে সতর্ক থাকার কথাও বলছে সংগঠনটি। সংগঠনটির সহ-সভাপতি মো. জোবাইদুর রহমান বিবিসি বাংলাকে বলেন, তারা বেশ কয়েকবছর যাবত সাপে কাটা নিয়ে সচেতনতা তৈরি এবং সাপ উদ্ধারে কাজ করছেন। গত বছর অর্থাৎ ২০২৩ এর তুলনায় এবার সাপে কাটার প্রবণতাও বেশি দেখা যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন। দেশের বিভিন্ন জায়গা থেকে তারা সাপের কামড়ে আক্রান্ত ব্যক্তিদের পরিবারের কাছ থেকে কল পান। এছাড়া সাপ উদ্ধারের জন্যও তাদের কাছে ফোন আসে। বাংলাদেশে বন বিভাগের আওতায় যাদের প্রশিক্ষণ ও সনদ রয়েছে তারা বন্যপ্রাণী উদ্ধারের জন্য কাজ করতে পারে। ”গত বছরের তুলনায় এবার আমাদের কাছে আসা এমার্জেন্সি কলের সংখ্যা বেড়েছে। প্রতিদিন আমরা চার পাঁচটি এমার্জেন্সি কল পাচ্ছি।„ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যার অধ্যাপক অধ্যাপক মনিরুল খান বলেন, সাপ ঠাণ্ডা রক্তের প্রাণি। গ্রীষ্মকালে সাপ বেশি সক্রিয় থাকে এবং শীতকালে কম সক্রিয় থাকে। ”আমাদের দেশের কথা চিন্তা করলে ডিসেম্বর-জানুয়ারি মাসের কয়েক সপ্তাহ বাদ দিলে, সাপ সাধারণত পুরো বছর সক্রিয় থাকে,„ বলেন অধ্যাপক খান। যুক্তরাষ্ট্রের এমোরি ইউনিভার্সিটির একদল গবেষক সাপের আচরণের সাথে গরমের সম্পর্ক নিয়ে গবেষণা করেছেন। গবেষণায় তারা বলেছেন, তাপমাত্রা শূন্য দশমিক আট ডিগ্রি ফারেনহাইট বাড়লে সাপের কাটার হার ছয় শতাংশ বৃদ্ধি পায়। ”বাইরের তাপমাত্রা সাপের শরীরের তাপমাত্রাকে প্রভাবিত করে। এর ফলে তাদের আচরণও পরিবর্তন হয়,„ গবেষণায় বলা হয়েছে। গবেষণাটি করা হয়েছে যুক্তরাষ্ট্রের জর্জিয়ায়। প্রায় সাত বছর ধরে এই গবেষণা চালানো হয়েছে। যুক্তরাষ্ট্রের জর্জিয়া এবং কেন্টাকি অঙ্গরাজ্যে সাপের কামড়ে সবচেয়ে বেশি মৃত্যু হয়। যুক্তরাষ্ট্রের টেক্সাস ডিপার্টমেন্ট অব পার্কস এন্ড ওয়াইল্ড-লাইফ বলছে, সাপ হচ্ছে ঠাণ্ডা রক্তের প্রাণি। আরো সুনির্দিষ্টভাবে বলতে গেলে তারা 'এক্টোর্থামিক'। সাপ তীব্র ঠাণ্ডাও সহ্য পারে না। তখন তারা হাইবারনেশনে চলে যায় গর্তের ভেতরে। অন্যদিকে, তীব্র গরমও এড়িয়ে চলে সাপ। তাপমাত্রা যখন তীব্র হয় তখন সাপ খুব ভোরে, সন্ধ্যায় এবং রাতে চলাচল করে। তখন তারা খাবারের জন্য সক্রিয় হয়।

গবেষকরা বলছেন, অতিরিক্ত গরমের সময় সাপ ছায়া, অন্ধকার, আর্দ্রতা ও খাবার খোঁজে। সাপ নিজেকে ঠাণ্ডা রাখার জন্য আর্দ্র পরিবেশ খোঁজে। সেজন্য অনেক সময় তারা মানুষের ঘরের আশপাশে চলে আসতে পারে। যেসব বাসায় এ ধরণের পরিবেশ থাকে সেখানে সাপের আনাগোনা হতে পারে। বিশেষজ্ঞরা বলছেন এটাই স্বাভাবিক। এ ধরণের পরিবেশ না থাকলে সেখানে সাপ আসার সম্ভাবনা খুবই কম। সাপ খোলামেলা জায়গায় এবং উন্মুক্ত অবস্থানে থাকতে খুবই অপছন্দ করে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলছে, সারাবিশ্বে অসংক্রামক রোগের মধ্যে সাপের কামড়ে মৃত্যু বিষয়টি এখনো বেশ উপেক্ষিত আছে। পৃথিবীর বিভিন্ন দেশে ৪৫ থেকে ৫৫ লাখ মানুষ সাপের কামড়ের শিকার হয়। এর মধ্যে ৮০ হাজার থেকে ১লাখ ৪০ হাজারের মতো মানুষ মারা যায় বলে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ধারণা করছে। প্রতি বছর সারা বিশ্বে সাপের দংশনের শিকার হয় যে ৪৫ লাখ মানুষ, তাদের মধ্যে ২৭ লাখ পুরুষ, নারী এবং শিশু শারীরিকভাবে বড় ধরনের ক্ষতির শিকার হয় বলে জানাচ্ছে বেসরকারি সংস্থা গ্লোবাল স্নেকবাইট ইনিশিয়েটিভ। সাপের কামড়ের সমস্যা মোকাবেলায় কাজ করছে এই সংস্থা। "সাপের দংশন যে কতটা ব্যাপক সমস্যা, বহু মানুষই তা বোঝে না," ব্যাখ্যা করেছেন আমেরিকায় অ্যারিজোনা বিশ্ববিদ্যালয়ের অধীনে যে সংস্থা সাপের বিষ প্রতিরোধী রসায়ন, এর ওষুধ ও জরুরি চিকিৎসা নিয়ে গবেষণা করছে তার প্রতিষ্ঠাতা পরিচালক লেসলি বয়ার।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা মনে করে, সাপের দংশন কোনো কোনো সম্প্রদায়ের জন্য বিশাল একটা সমস্যা, এবং সেই বিবেচনা থেকে তারা সম্প্রতি সর্প-দংশনের কারণে মানুষের শরীরে ঘটা বিষক্রিয়াকে উষ্ণমণ্ডলীয় অঞ্চলের একটা উপেক্ষিত রোগ হিসাবে শ্রেণিভুক্ত করেছে। সাপে কাটাকে এখন বিশ্বের অন্যতম সবচেয়ে উপেক্ষিত একটি স্বাস্থ্য সমস্যা হিসাবে স্বীকৃতি দেয়া হয়েছে - যে সমস্যা বিশ্বের দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্যের ওপর ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলছে। এর আগে ২০২৩ সালে প্রকাশিত স্বাস্থ্য অধিদপ্তরের এক পরিসংখ্যানে দেখা যাচ্ছে, দেশে প্রতি বছর প্রায় চার লাখ তিন হাজার মানুষ সর্প দংশনের শিকার হয় এবং তাদের মধ্যে সাত হাজার ৫১১ জন প্রতি বছর মারা যায়। স্বাস্থ্য অধিদপ্তরের অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ ইউনিট এ গবেষণাটি করেছিল। সাপের কামড়ের সব ঘটনার মধ্যে এক চতুর্থাংশ বিষাক্ত, যার ১০ দশমিক ছয় শতাংশ শারীরিক ও এক দশমিক নয় শতাংশ মানসিক অক্ষমতা দেখা যায়। সাপের কামড়ের মধ্যে ৯৫ শতাংশ ভুক্তভোগী গ্রামীণ অঞ্চলের এবং নারীদের তুলনায় এক দশমিক চার শতাংশ বেশি পুরুষ সাপের কামড়ের ঝুঁকিতে থাকে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, যেসব জনগোষ্ঠী সাপের কামড়ের সবচেয়ে বেশি ঝুঁকিতে আছে তাদের মধ্যে রয়েছেন গ্রামের দরিদ্র মানুষ, কৃষি শ্রমিক, জেলে। বাংলাদেশে সাপের কামড়ে মৃত্যুর সংখ্যা ১৫-২০ আগের তুলনায়

বেড়েছে কিনা সেটি নিশ্চিত করে কিছু বলা মুশকিল। ”আগে নিউজ এভাবে ছড়াতো না। এখন সামাজিক যোগাযোগ মাধ্যমে কারণে দ্রুত খবর ছড়িয়ে যাচ্ছে। সবাই বিষয়টা দ্রুত জানতে পারছে। এজন্য মনে হচ্ছে সাপে কামড়ের ঘটনা বেড়েছে,, বলছিলেন অধ্যাপক খান।

সাপ সাধারণত দীর্ঘজীবী হয়। ছোট সাপ ১২ বছর পর্যন্ত বেঁচে থাকে। বড় সাপ ৪০ বছর পর্যন্ত বেঁচে থাকতে পারে। গবেষকরা বলছেন, সাপের মধ্যে নিরামিষভোজী নেই। সাপ নিশ্চিতভাবে মাংস খায়। যেসব সাপ শিকার করে বিভিন্ন ধরণের পোকামাকড়, মাছ ও অন্যান্য সরীসৃপ প্রাণি তাদের খাদ্যের অন্তর্ভুক্ত। কিছু কিছু সাপ ডিমও পছন্দ করে। যেসব সাপ শিকার করে তারা সাধারণত শিকার সরাসরি গিলে ফেলে। গবেষকরা বলছেন, সাপ সাধারণত নিভৃতচারী প্রাণি। তারা দলবদ্ধ হয়ে চলাফেরা করেনা। বাংলাদেশে বর্ষাকাল এলেই গ্রামাঞ্চলের মানুষের কাছে আতঙ্কের বিষয় হয়ে ওঠে সাপের দংশন। বিষধর সাপের দংশনে হরহামেশাই মানুষের মৃত্যু হয়। স্বাস্থ্য মন্ত্রণালয়ের ২০২২ সালের সমীক্ষায় দেখা গেছে, বাংলাদেশে প্রতি বছর প্রায় চার লাখ মানুষ সাপের কামড়ের শিকার হয়, যার ফলে সাড়ে সাত হাজারেরও বেশি মানুষ মারা যায়। বাংলাদেশে সর্প দংশনের হার বর্ষাকালে বাড়ে। প্রতিবছর বর্ষা মৌসুমে অর্থাৎ মে, জুন এবং জুলাই - এই তিন মাস সাপের কামড় এবং তার কারণে মৃত্যুর ঘটনা বেশি দেখা যায়। কেননা অতি বৃষ্টিপাতের কারণে সাপের আবাসস্থল বা গর্তগুলো ডুবে যায়। তখন তারা কোনো উঁচু জায়গায়, অনেক সময় মানুষের বসতবাড়ির আশেপাশে বিচরণ করে। ফলে একটু অসাবধানে থাকলেই সাপে কাটার ঝুঁকি এসময় অনেক বেড়ে যায়। যে কোনো বিষধর সাপ কাটার পর অ্যান্টিভেনম প্রয়োগ জরুরি হয়ে যায়। অন্যথায় রোগীর মৃত্যু ঝুঁকি বেশি। রোগীর শরীরে অ্যান্টিভেনম প্রয়োগ সবচেয়ে জরুরি হলেও বাংলাদেশের হাসপাতালগুলোতে এখনও অত্যাবশ্যকীয় এই ওষুধ পর্যাপ্ত পরিমাণে নেই। অ্যান্টিভেনম বিশ্ব স্বাস্থ্য সংস্থার তালিকায় এসেনশিয়াল ড্রাগ বা অত্যাবশ্যকীয় ওষুধের তালিকাভুক্ত হলেও, বাংলাদেশে সাপের কামড়ের বিষয়টি এখনও অবহেলিত জনস্বাস্থ্য সমস্যা। বিষের বিরুদ্ধে কার্যকর বা বিষ নিষ্ক্রিয় করতে পারে এমন উপাদানকে অ্যান্টিভেনম বলা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ টক্সিকোলজি সোসাইটির সভাপতি এম এ ফয়েজ সাপের দংশন ও এর চিকিৎসা নিয়ে বই লিখেছেন। সেখানে তিনি উল্লেখ করেছেন, গোখরো সাপের দংশনের গড়ে আট ঘণ্টা পর, কেউটে সাপের দংশনের গড় ১৮ ঘণ্টা পর এবং চন্দ্রবোড়া সাপের দংশনের গড় ৭২ ঘণ্টা বা তিন দিন পর রোগীর মৃত্যু হতে পারে। বেশিরভাগ ক্ষেত্রে এই সময়সীমার মধ্যে অ্যান্টিভেনম প্রয়োগ করা জরুরি। সাপের কামড় বা দংশনের পরে, দ্রুত অ্যান্টিভেনম ইনজেকশন দিলে, অ্যান্টিভেনমের অ্যান্টিবডিগুলি বিষকে নিষ্ক্রিয় করতে পারে। যার ফলে আক্রান্ত ব্যক্তির জীবন বা অঙ্গ-প্রত্যঙ্গ বেঁচে যায়। সাপ কামড়ানোর পর একজন রোগীকে ১০টি করে অ্যান্টিভেনম ইনজেকশন দিতে হয়। এতে ১০টি ভায়াল মিলে একটি ডোজ হয়ে থাকে। বিষের পরিমাণ এবং বিষাক্ততার মাত্রা বেশী হলে সাপে কামড়ানো ব্যক্তির উপর এক বা একাধিক ডোজ অ্যান্টিভেনম প্রয়োগ করার প্রয়োজন হতে পারে। চিকিৎসকরা মূলত রোগীকে হাসপাতালে ভর্তি করে তার বিভিন্ন লক্ষণ পর্যবেক্ষণ করে চিকিৎসা দিয়ে থাকেন। এসব লক্ষণের মধ্যে রয়েছে, শরীর অসাড় হয়ে যাওয়া, মাথা ঘোরানো, বুক ধরফর করা, শ্বাসকষ্ট, অসংগত ব্যবহার, ক্ষণিকের জন্য রক্তচাপ কমা। বিষধর সাপের অ্যান্টিভেনম সাপ ভেদে যেমন আলাদা হয়ে থাকে, তেমনি একই অ্যান্টিভেনমে কয়েক ধরণের বিষধর সাপের বিষ নিষ্ক্রিয় করা যায়। বাংলাদেশ টক্সিকোলজি সোসাইটির তথ্য অনুযায়ী, বাংলাদেশে যে অ্যান্টিভেনম আনা হয়, সেটি মূলত চারটি সাপের বিষের একটি 'ককটেল' বা মিশ্রণ, যা কিছু সাপের দংশন নিরাময়ে কাজ করে। বাকি ক্ষেত্রে সেগুলো আংশিক কাজ করে। অনেক সময় সাপের কামড়ের ধরণ দেখে, আবার রক্ত পরীক্ষা করে চিকিৎসকরা বুঝতে পারেন যে এটি বিষাক্ত সাপে কামড়েছে নাকি বিষহীন সাপে কামড়। তারপরও সাপে কামড়ানোর সময় সেটি কী প্রজাতির সাপ বা সেটি দেখতে কেমন - তা লক্ষ্য করতে বা ছবি তুলে রাখার পরামর্শ দিয়েছেন চিকিৎসকরা। সাপের এই বর্ণনা পরবর্তীতে চিকিৎসা পরিকল্পনায় সাহায্য করতে পারে বলে তাদের মত। (বিবিসি ওয়েব পেজ:২৪.০৪.২০২৪ রিহাব)

## প্রধানমন্ত্রী শেখ হাসিনা থাইল্যান্ডে; কিন্তু বাংলাদেশের জন্য সুযোগ ও সম্ভাবনা কতটা

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছয় দিনের সফরে বুধবার থাইল্যান্ড গেছেন যে সফরে উভয় দেশের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তির আলোচনা শুরুর জন্য একটি সম্মতিপত্র স্বাক্ষরের সম্ভাবনা রয়েছে। মূলত বাণিজ্য ঘাটতি কমিয়ে আনার পাশাপাশি জ্বালানি, পর্যটন এবং নির্মাণ খাতে পারস্পারিক সহযোগিতার সুযোগ তৈরির ওপরেই বাংলাদেশের দিক থেকে জোর দেয়া হচ্ছে বলে জানা গেছে। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ আগেই জানিয়েছেন যে, শেখ হাসিনার এ সফরে দুই দেশের মধ্যে মোট পাঁচটি দলিল স্বাক্ষরিত হতে পারে। এগুলোর মধ্যে একটি চুক্তি, তিনটি সমঝোতা স্মারক ও একটি আগ্রহপত্র রয়েছে। এছাড়া থাইল্যান্ড সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইউএনএসকাপের অধিবেশনে যোগ দিবেন। এই সফরে থাইল্যান্ডের সাথে অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতির বিষয়ে চুক্তি হওয়ার কথা রয়েছে। চুক্তিটি হলে উভয় দেশের সরকারি কর্মকর্তারা ভিসামুক্ত ভ্রমণ সুবিধা পাবেন। ”এটি একটি দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সফর। এই সফরের মাধ্যমে উভয় দেশের মধ্যে বাণিজ্য সম্প্রসারণ এবং আমদানি-রফতানি বৃদ্ধির জন্যে মুক্ত বাণিজ্য চুক্তির পর্যালোচনার পাশাপাশি অন্যান্য অভিন্ন স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলাপ-

আলোচনার সুযোগ সৃষ্টি হবে,„ সোমবার এ সফর উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বলেছিলেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। বাংলাদেশের স্বাধীনতা অর্জনের পর প্রথম দিকেই স্বীকৃতি দানকারী দেশগুলোর একটি থাইল্যান্ড। যদিও এত বছরেও থাইল্যান্ডের সাথে বাংলাদেশের বাণিজ্য সম্ভাবনার খুব একটা উন্মোচিত হয়নি বলেই মনে করেন বিশ্লেষকরা।

থাইল্যান্ডে বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত শাহেদ আখতার বিবিসি বাংলাকে বলেছেন, উভয় দেশের মধ্যে বাণিজ্য বহুগুণ বৃদ্ধির সুযোগ আছে। মুক্ত বাণিজ্য চুক্তির দিকে অগ্রসর হতে পারলে বাণিজ্য ক্ষেত্রে বাংলাদেশের সম্ভাবনা আরও উজ্জ্বল হবে বলে মনে করছেন তিনি। "বাংলাদেশের জন্য থাইল্যান্ড খুবই সহযোগিতাপরায়ণ একটি দেশ। বাণিজ্য ছাড়াও সমুদ্রসীমার সমস্যা মিটে যাওয়ায় সমুদ্র কেন্দ্রিক অনেকগুলো খাতে থাই বিনিয়োগ ও প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে লাভবান হওয়ার সুযোগ আছে বাংলাদেশের,„ বলছিলেন মি. আখতার। ব্যাংক অফ থাইল্যান্ডের হিসেবে ২০২৩ সালে বাংলাদেশ ও থাইল্যান্ডের বাণিজ্যের মধ্যে থাইল্যান্ড থেকে আমদানির পরিমাণ ছিলো মাত্র ১ দশমিক ১৮ বিলিয়ন ডলার আর থাইল্যান্ডে বাংলাদেশের রফতানির পরিমাণ ছিলো মাত্র ৯০ মিলিয়ন ডলার। ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা মনে করেন, মুক্ত বাণিজ্য চুক্তির দিকে এগুনো সম্ভব হলে দু'দেশের মধ্যকার বাণিজ্য ঘাটতি কমিয়ে আনা সম্ভব হবে। ব্যাংককে বাংলাদেশ দূতাবাসের তথ্য অনুযায়ী, বাংলাদেশ যেসব পণ্য থাইল্যান্ডে রফতানি করে তার মধ্যে আছে বিভিন্ন ধরনের বস্ত্র, তৈরি পোশাক, প্রাণিজ পণ্য, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক উপকরণ ও মাছ। অন্যদিকে থাইল্যান্ড থেকে যেসব পণ্য আমদানি করা হয়, তার মধ্যে আছে কটন ও কটন ফেব্রিকস, শিল্প যন্ত্রপাতি, চিনি ও চিনি-জাত দ্রব্য, ইলেকট্রনিক্স সামগ্রীসহ আরও কিছু পণ্য। দূতাবাস মনে করে, বাংলাদেশ থেকে থাই বাজারে রফতানির ক্ষেত্রে যেসব পণ্যের সম্ভাবনা বেশি তার মধ্যে আছে ঔষধ ও রাসায়নিক, রাসায়নিক পণ্য, চামড়া ও চামড়াজাত পণ্য, ফ্রোজেন ফিশ, কাঁচাপাট ও পাটজাত দ্রব্য, নিটওয়্যার ও ওভেন গার্মেন্ট ও চায়ের মতো কিছু পণ্য। সব মিলিয়ে জ্বালানি, পর্যটন ও শুল্ক ক্ষেত্রে পারস্পারিক সহযোগিতা বৃদ্ধির ক্ষেত্রে প্রধানমন্ত্রীর এই সফর ভূমিকা রাখবে বলে মনে করছেন বাংলাদেশের কর্মকর্তারা। "মুক্ত বাণিজ্য চুক্তি বা এফটিএর আলোচনা শুরুর মাধ্যমে বাণিজ্য সম্প্রসারণ ছাড়াও বিনিয়োগ, পর্যটন, জ্বালানি, স্থল ও সমুদ্র যোগাযোগ নিয়ে এই সফরে বিস্তারিত আলোচনা হবে,„ সফর উপলক্ষ্যে আয়োজিত সংবাদ সম্মেলনে বলেছিলেন পররাষ্ট্রমন্ত্রী ডঃ হাছান মাহমুদ। সাবেক রাষ্ট্রদূত শাহেদ আখতার বলছেন, জ্বালানি, পর্যটন ও সমুদ্র খাতে উভয় দেশের কাজ করা ও লাভবান হওয়ার দারুণ সুযোগ আছে বলে তিনি মনে করেন। বিশেষত ফ্লাইওভার ও সুউচ্চ ভবন নির্মাণে বিশেষভাবে দক্ষতা অর্জনের পাশাপাশি সমুদ্রে গবেষণা, মৎস্য উৎপাদন বাড়ানো এবং বিশেষত সাগরে তেল ও গ্যাস অনুসন্ধানে থাইল্যান্ডের সহযোগিতা পেলে বাংলাদেশ উপকৃত হবে বলেই মনে করছেন তিনি। "সাম্প্রতিক সময়ে থাইল্যান্ড কিছু বিনিয়োগ করছে বাংলাদেশে। তবে এর পরিমাণ অনেক কম। ব্লু ইকোনোমির নানা পর্যায়ে দেশটি প্রযুক্তি বিনিময় ও অভিজ্ঞতা দিয়ে বাংলাদেশকে সহায়তা করতে পারে। সাগরের ফিশারিজে ওরা অনেক এগিয়ে। বাংলাদেশ মাত্র শুরু করতে যাচ্ছে। আর মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনা শুরুর মানেই হলো বাণিজ্য সম্প্রসারণের সম্ভাবনা,„ বিবিসি বাংলাকে বলছিলেন মি. আখতার। এর বাইরে আসিয়ান জোটে থাইল্যান্ড খুবই প্রভাবশালী দেশ। বাংলাদেশ আগেও থাইল্যান্ড থেকে এ বিষয়ে কূটনৈতিক পর্যায়ে সহযোগিতা পেয়েছে। তাছাড়া অনেক গুরুত্বপূর্ণ সংস্থার কার্যালয় থাকায় ব্যাংককের আলাদা গুরুত্ব আছে আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে।

এছাড়া কূটনীতিকরা অনেকে মনে করেন রোহিঙ্গা ইস্যুতেও থাইল্যান্ডের সহযোগিতা চাওয়ার সুযোগ আছে বাংলাদেশে। সোমবার সংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, "মিয়ানমারের অভ্যন্তরে চলমান রাজনৈতিক সংঘাতের মধ্যে রোহিঙ্গা প্রত্যাবাসনের প্রক্রিয়ায় আরও সক্রিয় ভূমিকা পালনের জন্য বাংলাদেশ আসিয়ানের সদস্য হিসেবে থাইল্যান্ডের প্রতি তাগিদ পুনর্ব্যক্ত করবে। যেহেতু থাইল্যান্ড ও মিয়ানমার দুই দেশই আসিয়ানের সদস্যভুক্ত দেশ, তাই রোহিঙ্গা ইস্যুটি যথাযথ গুরুত্বের সঙ্গে আলোচনা করা হবে„। শাহেদ আখতারও বলছেন যে রোহিঙ্গা প্রত্যাবাসন ক্ষেত্রে প্রত্যাশিত অগ্রগতি আনতে থাইল্যান্ডের সহযোগিতা পাওয়ার সুযোগ আছে বাংলাদেশের জন্য। অন্যদিকে বাংলাদেশের বৌদ্ধ ধর্মীয় স্থাপনাগুলোকে নিয়ে প্রচারণা এবং পর্যটন খাতে বিনিয়োগ ও যৌথ কার্যক্রম আশা করছে বাংলাদেশ এবং এ বিষয়টিও প্রধানমন্ত্রীর সফরে আলোচনায় আসবে বলে আশা করছেন কর্মকর্তারা। প্রসঙ্গত, প্রতি বছর বাংলাদেশ থেকে বিপুল সংখ্যা পর্যটক ছাড়াও চিকিৎসার জন্যও বহু বাংলাদেশী থাইল্যান্ডে যান। সাম্প্রতিককালে উভয় খাতে বাংলাদেশ থেকে ভ্রমণকারী অনেকে বেড়েছে। (বিবিসি ওয়েব পেজ:২৪.০৪.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### কক্সবাজার জেলায় কত রোহিঙ্গাকে ভোটার করা হয়েছে জানতে চেয়েছেন হাইকোর্ট

বাংলাদেশের কক্সবাজার জেলায় কতজন রোহিঙ্গাকে ভোটার করা হয়েছে তা জানতে চেয়েছেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ। একইসঙ্গে রোহিঙ্গাদের ভোটার করা কেন অবৈধ ঘোষণা করা হবে না, তাও জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। বুধবার (২৪শে এপ্রিল) বিচারপতি নাইমা হাইদার ও বিচারপতি কাজী জিনাত হকের

সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। বিষয়টি তদন্ত করে ৬ জুনের মধ্যে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। এ ছাড়া, কক্সবাজারের ঈদগাঁও ইউনিয়নের ৩৮ রোহিঙ্গাকে ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার নির্দেশ দিয়েছেন আদালত। আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ ছিদ্দিক উল্লাহ মিয়া। আর রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল অমিত দাসগুপ্ত। এর আগে মঙ্গলবার রোহিঙ্গাদের নাম ভোটার তালিকা থেকে বাদ না দিয়েই কক্সবাজারের ঈদগাঁও উপজেলার ঈদগাঁও ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল প্রকাশের বৈধতা চ্যালেঞ্জ করে রিট করেন ওই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মোহাম্মদ হামিদ। রিটে কক্সবাজারের সব ইউনিয়ন পরিষদের ভোটার তালিকা যাচাই করে রোহিঙ্গাদেরকে ভোটার তালিকা থেকে বাদ দেওয়া, তাদের নাগরিকত্ব প্রদানসংক্রান্ত সব নথি বাতিল করা এবং রোহিঙ্গাদেরকে নাগরিকত্ব প্রদানের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নিতে নির্দেশনা চাওয়া হয়। রিটে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সচিব, নির্বাচন কমিশন সচিব, কক্সবাজার জেলার জেলা প্রশাসক (ডিসি) ও পুলিশ সুপারসহ (এসপি) সংশ্লিষ্টদের বিবাদী করা হয়। আইনজীবী অ্যাডভোকেট মোহাম্মদ ছিদ্দিক উল্লাহ মিয়া বলেন, কক্সবাজার সদর উপজেলার ঈদগাঁও ইউনিয়নের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়ে বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নিয়েছেন ৩৮ জন রোহিঙ্গা। তাদের তালিকা যুক্ত করে রিট আবেদন করা হয়। এ ছাড়াও, একই ইউনিয়নে কয়েক শ রোহিঙ্গা নাগরিক হয়েছেন বলে অভিযোগ তুলে তাদের নাগরিকত্ব বাদ দিয়ে ভোটার তালিকা হাল নাগাদ না করা পর্যন্ত ওই ইউনিয়ন পরিষদের নির্বাচন স্থগিত রাখার আবেদন জানানো হয়েছে রিটে। এই রিটের ওপর বুধবার (২৪শে এপ্রিল) প্রাথমিক শুনানি শেষে হাইকোর্ট রুল ও আদেশ দিয়েছেন।
(ভোয়া ওয়েব পেজ: ২৪.০৪.২০২৪ রুবাইয়া)

## বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদন বাড়লেও লোডশেডিং কমছে না, দুর্ভোগে মানুষ

বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদন বাড়লেও লোডশেডিং কমার কোনো লক্ষণ নেই। বরং আগের তুলনায় লোডশেডিং পরিমাণ বাড়ছে। বুধবার (২৪শে এপ্রিল) দেশে প্রায় দেড় হাজার মেগাওয়াট লোডশেডিং হয়েছে। মঙ্গলবারে লোডশেডিং ছিল ১ হাজার ৪৯ মেগাওয়াট। পাওয়ার গ্রিড কোম্পানি অফ বাংলাদেশের (পিজিসিবি) ন্যাশনাল লোড ডিসপ্যাচ সেন্টারের (এনএলডিসি) রেকর্ডে এ তথ্য জানা গেছে। এনএলডিসির রেকর্ডে আরও দেখা যায়, মঙ্গলবার দিবাগত রাত ১টায় লোডশেডিং ছিল ১ হাজার ৪৬৮ মেগাওয়াট। তবে বুধবার সকাল ৭টায় বিদ্যুৎ ঘাটতির মাত্রা কমে ৫৪২ মেগাওয়াটে নেমে আসে। দুপুর ৩টায় তা বেড়ে ৮২১ মেগাওয়াটে উন্নীত হয়। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) ও পিজিসিবির তথ্য অনুযায়ী, বুধবার বিকেলে ১৫ হাজার ২০০ মেগাওয়াট চাহিদার বিপরীতে বিদ্যুৎ উৎপাদন হয়েছে ১৪ হাজার ৪৭৩ মেগাওয়াট। অন্যদিকে সন্ধ্যায় বিদ্যুতের চাহিদার পূর্বাভাস ছিল ১৬ হাজার ৮০০ মেগাওয়াট। সরবরাহের পূর্বাভাস ছিল ১৬ হাজার ৫৩০ মেগাওয়াট। সরকারি সূত্রে জানা গেছে, রাজধানী ঢাকা ও অন্য বড় শহরে লোডশেডিং এড়াতে গিয়ে গ্রামাঞ্চলে লোডশেডিংয়ের পরিমাণ বেড়েছে। বিভিন্ন এলাকা থেকে পাওয়া সংবাদে জানা যায়, এই গ্রীষ্মে প্রচণ্ড গরমের মধ্যে লোডশেডিংয়ের মাত্রা গ্রামীণ মানুষের দুর্দশা আরও বাড়িয়ে তুলছে। এদিকে রাষ্ট্রীয় মালিকানাধীন পেট্রোবাংলার সরকারি তথ্যে দেখা যায়, ৩ হাজার ৭৬০ মিলিয়ন ঘনফুট চাহিদার বিপরীতে দেশে গ্যাস উৎপাদন হয়েছে দৈনিক ৩ হাজার ৫৬ মিলিয়ন ঘনফুট। ফলে বেশ কিছু বিদ্যুৎকেন্দ্র, বিশেষ করে যেগুলো প্রাথমিক জ্বালানি হিসেবে গ্যাস ব্যবহার করে, গ্যাস সংকটের কারণে সেগুলোতে উৎপাদন বন্ধ রয়েছে। বিদ্যুৎকেন্দ্রগুলো ২ হাজার ৩১৬ দশমিক ৯ মিলিয়ন ঘনফুট চাহিদার বিপরীতে ১ হাজার ৩৪৯ দশমিক ৯ মিলিয়ন ঘটফুট গ্যাস সরবরাহ পেয়েছে। (ভোয়া ওয়েব পেজ: ২৪.০৪.২০২৪ রুবাইয়া)

## বিএনপি: উপজেলা নির্বাচনে অংশ নেওয়ায় ৬৪ নেতাকে কারণ দর্শানোর নোটিশ

স্থানীয় সরকার নির্বাচন বর্জনের দলীয় সিদ্ধান্ত অমান্য করে প্রথম ধাপের উপজেলা নির্বাচনে অংশগ্রহণ করায় ৬৪ নেতাকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)।দলটির কেন্দ্রীয় কার্যালয়ের সূত্র মতে, নির্বাচনে অংশ নেওয়া নেতাদের মধ্যে উপজেলা চেয়ারম্যান পদে ২৪ জন, ভাইস চেয়ারম্যান পদে ২১ জন এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে ১৯ জন প্রতিদ্বন্দ্বিতা করছেন। দলটির জ্যেষ্ঠ নেতারা বলেছেন, যারা সন্তোষজনক জবাব দিতে ব্যর্থ হবেন, তাদের প্রাথমিক সদস্যপদসহ দলের সব পদ থেকে বহিষ্কার করা হবে। নাম প্রকাশে অনিচ্ছুক বিএনপির একজন সহ-দপ্তর সম্পাদক জানান, মঙ্গলবার রাত পর্যন্ত বিএনপির ৬৪ জন নেতাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। এদিকে দলীয় সিদ্ধান্ত অমান্য করে আসন্ন পৌরসভা ও ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশ নেওয়ায় ইতিমধ্যে পাঁচ নেতাকে বহিষ্কার করেছে দলটি। দলের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, পৌরসভা নির্বাচনে অংশ নেওয়ায় বিএনপির নীলফামারীর জলঢাকা উপজেলা শাখার সভাপতি ফাহমিদ ফয়সল চৌধুরীকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া দিনাজপুরের বিরল উপজেলা শাখার সহসভাপতি সাদেক আলী, উত্তর চট্টগ্রামের চিকনন্দী ইউনিয়ন শাখার সহকারী আহ্বায়ক রাশেদ আলী মাহমুদ, কক্সবাজার জেলা শাখার নেতা জহুরুল আলম ও কক্সবাজার জেলা মৎস্যজীবী দলের নেতা এম হান্নান মিয়াকে ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশ নেওয়ায় বহিষ্কার করা হয়েছে।

**উপজেলা নির্বাচনে অংশ না নেওয়ার সিদ্ধান্ত বিএনপির**

এর আগে বর্তমান সরকার ও নির্বাচন কমিশনের অধীনে যেকোনো নির্বাচনে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেয় বিএনপির হাইকমান্ড। ১৬ই এপ্রিল (মঙ্গলবার) দলটির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর স্বাক্ষর করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। এতে বলা হয়, সোমবার রাতে অনুষ্ঠিত স্থায়ী কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠকে ভার্চুয়ালি যোগ দেন দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, শেখ হাসিনার সরকার ও তাঁর আজ্ঞাবহ নির্বাচন কমিশন, বেসামরিক ও পুলিশ প্রশাসন একটি অবাধ, সুষ্ঠু, অংশগ্রহণমূলক ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজন করতে পারে না। অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের পরিবেশ নেই বলেও উল্লেখ করে দলটি।

**উপজেলা নির্বাচন**

উল্লেখ্য, বাংলাদেশে চার ধাপে ষষ্ঠ উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। ২১শে মার্চ (বৃহস্পতিবার) প্রথম ধাপের ১৫২টি উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়। তফসিল অনুযায়ী প্রথম ধাপের মনোনয়নপত্র জমার শেষ দিন ছিল ১৫ই এপ্রিল (সোমবার)। প্রথম ধাপের ভোট গ্রহণ হবে ৮ই মে। দ্বিতীয় ধাপের ১৬১টি উপজেলা পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে ১লা এপ্রিল (সোমবার)। দ্বিতীয় ধাপের মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ছিল ২১শে এপ্রিল। এসব উপজেলায় ভোট গ্রহণ করা হবে ২১শে মে। তৃতীয় ধাপের উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণা করা হয় ১৭ই এপ্রিল (বুধবার)। তৃতীয় ধাপে ১১২টি উপজেলা পরিষদের নির্বাচন ২৯শে মে অনুষ্ঠিত হবে। এদিকে মঙ্গলবার (২৩শে এপ্রিল) চতুর্থ ধাপের উপজেলা পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। এসব উপজেলায় ভোট অনুষ্ঠিত হবে ৫ জুন। মঙ্গলবার বিকেলে ঢাকার আগারগাঁওয়ে নির্বাচন ভবনে ইসির সভা শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান ইসি সচিব মো. জাহাংগীর আলম। তিনি বলেন, চতুর্থ ধাপে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ৯ই মে। মনোনয়নপত্র বাছাই হবে ১২ই মে। আর মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল করা যাবে ১৩ থেকে ১৫ই মে পর্যন্ত। আপিল নিষ্পত্তি হবে ১৬ থেকে ১৮ই মে। প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন ১৯ই মে। ২০শে মে প্রতীক বরাদ্দ করা হবে। ৫ই জুন সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত হবে চতুর্থ ধাপের ভোট গ্রহণ। চতুর্থ ধাপে ৫৪টি উপজেলায় ভোট হওয়ার কথা ছিল। তবে নওগাঁর মহাদেবপুর উপজেলায় এক প্রার্থীর মৃত্যুতে সেখানে নির্বাচন স্থগিত করা হয়। চতুর্থ ধাপে ওই উপজেলায় ভোট গ্রহণ করা হবে। (ভোয়া ওয়েব পেজ: ২৪.০৪.২০২৪ রুবাইয়া)

## বাংলাদেশের ৬ জেলায় বয়ে যাচ্ছে তীব্র তাপপ্রবাহ

বাংলাদেশের ৬ জেলার ওপর দিয়ে বয়ে যাচ্ছে তীব্র তাপপ্রবাহ। বুধবার (২৪শে এপ্রিল) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর নিয়মিত বুলেটিনে সকাল ৯টা থেকে পরের ২৪ ঘণ্টার বার্তায় জানিয়েছে, রাজশাহী, পাবনা, খুলনা, বাগেরহাট, যশোর ও পটুয়াখালী জেলার ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এতে আরও বলা হয়, মৌলভীবাজার, রাঙ্গামাটি, চাঁদপুর ও বান্দরবান জেলাসহ ঢাকা, রংপুর ও ময়মনসিংহ বিভাগ এবং রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের অবশিষ্টাংশের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা বিস্তার লাভ করতে পারে। অধিদপ্তর জানিয়েছে, সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে এবং সেই সঙ্গে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এ ছাড়া, দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।এতে আরও বলা হয়, সারা দেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে। জলীয় বাষ্পের আধিক্যের কারণে অস্বস্তি বিরাজ করতে পারে। সিনপটিক অবস্থা সম্পর্কে আবহাওয়া অফিস জানায়, লঘুচাপের বর্ধিতাংশ ভারতের পশ্চিমবঙ্গ রাজ্য ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মঙ্গলবার সর্বোচ্চ তাপমাত্রা ৪০ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয় পাবনা জেলার ঈশ্বরদীতে এবং বুধবার সর্বনিম্ন তাপমাত্রা ২০ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয় পঞ্চগড় জেলার তেঁতুলিয়ায়। (ভোয়া ওয়েব পেজ: ২৪.০৪.২০২৪ রুবাইয়া)

## প্রধানমন্ত্রী শেখ হাসিনা: ৬ দিনের সরকারি সফরে থাইল্যান্ড গেছেন

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৬ দিনের সরকারি সফরে থাইল্যান্ড গেছেন। থাইল্যান্ডের প্রধানমন্ত্রী স্রেথা থাভিসিনের আমন্ত্রণে দেশটি সফর করছেন তিনি। বুধবার (২৪শে এপ্রিল) দুপুর ১টা ০৮ মিনিটে (স্থানীয় সময়) থাইল্যান্ডের রাজধানী ব্যাংককের ডন মুয়াং আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমানবন্দরে থাইল্যান্ডের মিনিস্টার ইন অ্যাটেনডেন্স পুয়াংপেত চুনলাইয়েদ তাঁকে স্বাগত জানান। সেখানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লাল গালিচা সংবর্ধনা, স্ট্যাটিক গার্ড অফ অনার এবং ১৯ বার গান স্যালুট দেওয়া হয়। বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূত মাকাওয়াদি সুমিতমোর এবং থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ আবদুল হাই বিমানবন্দরে উপস্থিত ছিলেন। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিমান বাংলাদেশ এয়ারলাইনসের একটি ফ্লাইটে

বাংলাদেশ সময় সকাল ১০টা ১৩ মিনিটে ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করেন।পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, দুই দেশের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার করতেই এই সফর। ১৯৭২ সালে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের পর এই প্রথম বাংলাদেশ থেকে থাইল্যান্ডে শীর্ষ পর্যায়ে সফর। ২৪ থেকে ২৯শে এপ্রিল পর্যন্ত সফরকালে থাইল্যান্ডের প্রধানমন্ত্রী থাভিসিনের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং জাতিসংঘের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশনের (এসকাপ) ৮০তম অধিবেশনে যোগ দেবেন। পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, বাংলাদেশ ও থাইল্যান্ডের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনার বিষয়ে লেটার অফ ইনটেন্টসহ বেশ কয়েকটি সহযোগিতা নথি সই হবে। তিনি বলেন, দুই দেশের মধ্যে পাসপোর্টধারীদের জন্য ভিসা অব্যাহতি, জ্বালানি সহযোগিতার বিষয়ে একটি সমঝোতা স্মারক (এমওইউ) এবং সম্পর্ক সম্প্রসারণে পর্যটন খাতে সহযোগিতা ও শুল্ক সম্পর্কিত পারস্পরিক সহযোগিতা সংক্রান্ত আরও ২টি সমঝোতা স্মারক সই হওয়ার সম্ভাবনা রয়েছে। রোহিঙ্গা প্রত্যাবাসনের পাশাপাশি থাইল্যান্ডের বিনিয়োগ বৃদ্ধিতে বাংলাদেশ থাইল্যান্ডের সহযোগিতা চাইবে জানিয়ে হাছান মাহমুদ বলেন, নৌ সংযোগের বিষয়েও আলোচনা হবে। ২৬শে এপ্রিল প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে থাইল্যান্ডের প্রধানমন্ত্রী স্রেথা থাভিসিন আনুষ্ঠানিকভাবে অভ্যর্থনা জানাবেন এবং তাঁকে গার্ড অব অনার প্রদান করা হবে। একই দিন প্রধানমন্ত্রী থাভিসিনের সঙ্গে গভর্নমেন্ট হাউসে দ্বিপক্ষীয় বৈঠক করবেন। বৈঠকের পর দুই দেশের মধ্যে নথি সই শেষে যৌথ সংবাদ সম্মেলনে অংশ নেবেন দুই প্রধানমন্ত্রী।এরপর প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সম্মানে থাইল্যান্ডের প্রধানমন্ত্রীর দেওয়া রাষ্ট্রীয় মধ্যাহ্নভোজে অংশ নেবেন। সফরকালে থাইল্যান্ডের রাজা মহা ভাজিরালংকর্ন ফ্রা ভাজিরাকলাওচাওহুয়া এবং ও রানি সুথিদা বজ্রসুধাবিমালাক্ষণের সঙ্গে সাক্ষাৎ করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২৫শে এপ্রিল কমিশন ফর ইউএনএসকাপের ৮০তম অধিবেশনে যোগ দিয়ে সেখানে বক্তব্য দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই দিন জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল এবং এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশনের (এসকাপ) নির্বাহী সচিব আরমিদা সালসিয়া আলিসজাবানা প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। লিভারেজিং ডিজিটাল ইনোভেশন ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট ইন এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিক, প্রতিপাদ্যকে সামনে রেখে অষ্টম অধিবেশনটি টেকসই উন্নয়নের জন্য ২০৩০ এজেন্ডা দ্রুত বাস্তবায়নের জন্য ডিজিটাল উদ্ভাবনকে কাজে লাগাতে অঞ্চলব্যাপী সহযোগিতামূলক পদক্ষেপ জোরদার করার একটি সুযোগ হবে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ডিজিটাল উদ্ভাবন কীভাবে আরও অন্তর্ভুক্তিমূলকভাবে অবদান রাখতে পারে তা নিয়ে আলোচনা করতে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সরকারি নেতা, মন্ত্রী ও অন্য মূল স্টেকহোল্ডারদের এই অধিবেশনে একত্রিত করবে। (ভোয়া ওয়েব পেজ: ২৪.০৪.২০২৪ রুবাইয়া)

## সুপ্রিম কোর্টের আপিল বিভাগে নতুন তিন বিচারপতি নিয়োগ

বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগে নতুন তিনজন বিচারপতিকে নিয়োগ দেওয়া হয়েছে। হাইকোর্ট বিভাগ থেকে তাঁদের আপিল বিভাগে নিয়োগ দেওয়া হয়। বুধবার (২৪শে এপ্রিল) রাষ্ট্রপতির আদেশক্রমে আইন মন্ত্রণালয়ের সচিব মো. গোলাম সারওয়ারের সই করা এক প্রজ্ঞাপনে এই নিয়োগের বিষয়টি জানানো হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৫ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি এই তিনজন বিচারপতিকে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারক নিয়োগ করেছেন। এই নিয়োগ শপথ গ্রহণের তারিখ থেকে কার্যকর হবে। আপিল বিভাগে নিয়োগ পাওয়া তিনজন বিচারপতি হলেন- বিচারপতি মুহাম্মদ আব্দুল হাফিজ, বিচারপতি শাহিনুর ইসলাম ও বিচারপতি কাশেফা হোসেন। নতুন নিয়োগ পাওয়া এই তিন বিচারপতিসহ আপিল বিভাগে মোট বিচারপতির সংখ্যা হলো আটজন। বৃহস্পতিবার (২৫শে এপ্রিল) এই তিন বিচারপতিকে শপথ পড়াবেন প্রধান বিচারপতি মো. ওবায়দুল হাসান। আপিল বিভাগের রেজিস্ট্রার মোহাম্মদ সাইফুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।

(ভোয়া ওয়েব পেজ: ২৪.০৪.২০২৪ রুবাইয়া)

## রানা প্লাজা ট্র্যাজেডির ১১ বছর

বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের ইতিহাসে সবচেয়ে ভয়াবহ ট্র্যাজেডি রানা প্লাজা ধস। বুধবার (২৪শে এপ্রিল) ছিল রানা প্লাজা ট্র্যাজেডির ১১তম বার্ষিকী। ২০১৩ সালের ২৪শে এপ্রিল রাজধানী ঢাকার অদূরে সাভারে ধসে পড়ে রানা প্লাজা নামে আটতলা ভবন। এই ঘটনায় ১ হাজার ১৩৮ জন নিহত ও ২ হাজারের বেশি মানুষ আহত হন। ঢাকা-আরিচা মহাসড়কের সাভার বাসস্ট্যান্ডের পাশে অবস্থিত রানা প্লাজা। ভবনটিতে ছিল ৩টি পোশাক কারখানা। শ্রমিকেরা প্রতিদিনের মতো ওই দিন সকালে কর্মস্থলে হাজির হয়েছিলেন। কাজও শুরু করেছিলেন নির্ধারিত সময়ে। সাড়ে ৯টার দিকে এক বিকট শব্দে ধসে পড়ে ভবনটি।মর্মান্তিক এ ঘটনায় সাভার থানার তৎকালীন এসআই ওয়ালী আশরাফ বাদী হয়ে মালিকসহ অন্যদের বিরুদ্ধে ভবন নির্মাণে অবহেলার অভিযোগ এনে একটি হত্যা মামলা দায়ের করেছিলেন। ভবনের মালিক সোহেল রানা গ্রেপ্তারের পর থেকেই জেলে আছেন। ২০১৫ সালের ১লা জুন পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) সহকারী পুলিশ সুপার বিজয়কৃষ্ণ কর ভবন মালিক সোহেল রানাসহ ৪১ জনের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দাখিল করেন। এ মামলায় মোট ৫৯৪ জনকে সাক্ষী করা হয়। ২০১৬ সালের ১৮ই জুলাই ঢাকা জেলা ও

দায়রা জজ আদালতের বিচারক এস এম কুদ্দুস জামান অভিযুক্তদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর আদেশ দেন। কিন্তু এই আদেশের বৈধতা চ্যালেঞ্জ করে অধিকাংশ অভিযুক্ত উচ্চ আদালতে আপিল করায় তা আটকে যায়। এই আপিল নিষ্পত্তি শেষে ২০২২ সালের ৩১শে জানুয়ারি জেলা ও দায়রা আদালতের বিচারক এ এইচ এম হাবিবুর রহমান ভূঁইয়া মামলার বাদী সাভার থানার তৎকালীন উপপরিদর্শক (এসআই) ওয়ালী আশরাফের জবানবন্দি রেকর্ড করেন। এর মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বিচার প্রক্রিয়া শুরু হয়েছে। উল্লেখ্য, রানা প্লাজা সারভাইভারস অ্যাসোসিয়েশনসহ বিভিন্ন মানবাধিকার সংগঠন, শ্রমিক সংগঠন ও বামপন্থী রাজনৈতিক দলগুলো সাধারণত ট্র্যাজেডিতে নিহতদের স্মরণে প্রতি বছর বিভিন্ন কর্মসূচির আয়োজন করে থাকে।মঙ্গলবার (২৩শে এপ্রিল) সন্ধ্যায় মোমবাতি প্রজ্বালনের মাধ্যমে রানা প্লাজা ট্রাজেডিতে নিহত শ্রমিকদের স্মরণ করেন তাদের স্বজন ও বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতাকর্মীরা। রানা প্লাজার সামনে অস্থায়ী বেদিতে মোমবাতি প্রজ্বালন কর্মসূচি ও নিহতদের স্বরণে কিছু সময় নীরবতা পালন করা হয়। পরে নিহত শ্রমিকদের আত্মার মাগফিরাত কামনা করে মোনাজাত করা হয়।
(ভোয়া ওয়েব পেজ: ২৪.০৪.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### আজও চট্টগ্রাম-কাপ্তাই সড়ক বন্ধ করে বিক্ষোভ করেছে চুয়েটের শিক্ষার্থীরা

দুই সহপাঠীর মৃত্যুর ঘটনায় আজ বুধবারও তৃতীয় দিনের মত চট্টগ্রাম-কাপ্তাই সড়ক বন্ধ করে বিক্ষোভ করেছে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বা চুয়েট শিক্ষার্থীরা। আজ সকাল দশটায় চুয়েটের মূল ফটোকে চট্টগ্রাম কাপ্তাই সড়কের অংশ বন্ধ করে দেয়া হয়। গাছের গুড়ি ফেলে ও টায়ার জ্বালিয়ে সড়ক অবরোধ করেন শিক্ষার্থীরা। পরে দুপুরে সংবাদ সম্মেলন করেন শিক্ষার্থীরা। তারা ১০ দফা দাবি আবার তুলে ধরে বলেন, বাস-মালিক সমিতি ক্ষতিপূরণ বাবদ ২ লাখ টাকা দেয়ার কথা বলেছে। এই টাকা ঘৃণাভরে প্রত্যাখ্যান করা হলো। নিহত দুই শিক্ষার্থীর পরিবারকে ২ কোটি টাকা করে ৪ কোটি টাকা দিতে হবে। (রেডিও তেহরান: ২০৩০ ২৪.০৪.২০২৪ এলিনা, গাজী আবদুর রশীদ)

## এনএইচকে

### ইসরায়েল গাজার উত্তরাঞ্চলের বাসিন্দাদের সরে যাওয়ার আহ্বান জানিয়েছে

ইসরায়েলি বাহিনী হামাসের বিরুদ্ধে তাদের আক্রমণ চালিয়ে যাওয়ায় উত্তর গাজা উপত্যকার কিছু অংশের বাসিন্দাদের সরে যাওয়ার আহ্বান জানিয়েছে। মঙ্গলবার, ইসরায়েল বেইট লাহিয়া শহরের কিছু অঞ্চলের বাসিন্দাদের শহরের কাছাকাছি নির্ধারিত এলাকায় আশ্রয় নিতে বলেছে।ইসরাইল এর আগে দাবি করেছিল যে তারা উত্তর গাজায় কার্যকর নিয়ন্ত্রণ নিয়েছে। তবে হামাস যোদ্ধারা গেরিলা যুদ্ধে লিপ্ত হওয়ায় ইসরায়েল দৃশ্যত এই এলাকায় তাদের হামলা জোরদার করে নিচ্ছে।এদিকে আল জাজিরা মঙ্গলবার জানিয়েছে যে দক্ষিণ গাজার খান ইউনিসের নাসের হাসপাতালে অন্তত ৩১০টি মৃতদেহ পাওয়া গেছে। উল্লেখ্য, এই মাসের শুরুতে ইসরায়েল তার বাহিনী সেই হাসপাতাল থেকে প্রত্যাহার করে নেয়। গাজার স্থানীয় কর্তৃপক্ষ মৃতদেহগুলো কবর দিয়েছে দাবি করে ইসরায়েলি বাহিনীর প্রতি দোষারোপ করছে।তবে সংবাদ সংস্থা রয়টার্স ইসরায়েলি সেনাবাহিনীর উদ্ধৃতি দিয়ে বলেছে যে তারা এই দাবিকে "ভিত্তিহীন এবং অযৌক্তিক" বলে জানিয়েছে। তারা এরকম বলেছে বলে জানা গেছে যে, ইসরায়েলি জিম্মিদের সন্ধানকারী বাহিনী নাসের হাসপাতালের কাছে ফিলিস্তিনিদের দ্বারা পূর্বে কবর দেওয়া মৃতদেহগুলি পরীক্ষা করেছে এবং পরীক্ষা করার পরে মৃতদেহগুলিকে যেখানে কবর দেওয়া হয়েছিল সেখানে ফিরিয়ে দিয়েছে।
(এনএইচকে ওয়েব পেজ: ২৪.০৪.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### শেখ হাসিনার নির্দেশ অমান্য, ওবায়দুল, হানিফের মৃদু হুঙ্কার

উপজেলা পরিষদ নির্বাচনে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার নির্দেশ সত্ত্বেও অনেক মন্ত্রী, এমপির আত্মীয়-স্বজন মনোনয়নপত্র প্রত্যাহার করেননি। এটাকে চরম ঔদ্ধত্য হিসেবে দেখছেন অনেকেই। এখনো কমপক্ষে ১১ জন প্রার্থী আছেন যারা মন্ত্রী বা এমপির ছেলে বা অন্য কোনো নিকটাত্মীয়। সেরকমই একজন হলেন নোয়াখালী-৪ আসনে আওয়ামী লীগের সংসদ সদস্য একরামুল কবির চৌধুরীর ছেলে ইশরাক শাবাব চৌধুরী। তিনি সুবর্ণচর উপজেলা চেয়ারম্যান পদে প্রার্থীতা প্রত্যাহার করেননি। প্রধানমন্ত্রীর নির্দেশের পরও তিনি প্রার্থীতা প্রতাহার করেননি। তার সঙ্গে ফোনে কথা হলেও তিনি এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হননি। তিনি বলেন, "আমি নির্বাচনি প্রচারে আছি। এখন কথা বলার সময় নেই।„ তবে তার বাবা সংসদ সদস্য একরামুল কবির চৌধুরী ডয়চে ভেলেকে বলেন, "আমার ছেলে প্রার্থী আছে, থাকবে। আর এই কারণে আমার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিলে নেবে। অর্ধেক ভোট করার পর (নির্বাচন থেকে সরে দাঁড়ানোর কথা) বললে তো হবে না।„ তার কথা, " উনি (ওবায়দুল কাদের) বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। আমি কোনো পোস্টে নাই। আমি এমপি। আর এমপি তো সহজে কেড়ে নিতে পারবে না। এটা নিতে হলে অনেক প্রক্রিয়া আছে। এরপর হয়ত আমাকে কালো তালিকাভুক্ত করবে। আমাকে আর

এমপি পদে মনোনয়ন দেবে না। তখন তো আর আমার ভোট করার সময় থাকবে না।„ সেখানে উপজেলায় চেয়ারম্যান পদে মোট দুইজন প্রার্থী। আরেকজন প্রার্থী হলেন বর্তমান উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগর সভাপতি খায়রুল আনম চৌধুরী। তিনি বলেন, ”এমপি একরাম চৌধুরী প্রধানমন্ত্রীর নির্দেশের পরও তার ছেলের প্রার্থীতা প্রত্যাহার না করিয়ে ঔদ্ধত্য দেখিয়েছে। কালো টাকার ক্ষমতায় সে কাউকে এখন আর পরোয়া করে না। সে যা খুশি তাই করে। তার ছেলের অনুসারীরা এখন সন্ত্রাস করছে। সে দুইটি হত্যা মামলার আসামি। পুলিশ প্রশাসন তার পক্ষে কাজ করছে। সে টাকা দিয়ে কিনে নিয়েছে। দলের সাধারণ সম্পাদক বলেছেন ব্যবস্থা নেয়া হবে। কখন নেয়া হবে? নির্বাচনের পরে ব্যবস্থা নিয়ে কী হবে!„ বিস্ময় প্রকাশ করেন তিনি।

এদিকে বগুড়ার সারিয়াকান্দি ও সোনাতলায় এমপি সাহাদারা মান্নানের ভাই ও ছেলে প্রার্থিতা প্রত্যাহার করেননি। সারিয়াকান্দিতে প্রার্থী হয়েছেন এমপির ছেলে, উপজেলা আওয়ামী লীগের সদস্য শাখাওয়াত হোসেন সজল। সোনাতলায় প্রার্থী হয়েছেন এমপির ভাই উপজেলা আওয়ামী লীগ সভাপতি, বর্তমান চেয়ারম্যান মিনহাদুজ্জামান লিটন। মিনহাদুজ্জামান লিটন বলেন, ”আমি বর্তমান উপজেলা চেয়ারম্যান। আমার জনপ্রিয়তা আছে বলে আমি নির্বাচন করছি। আমার বোনের কোনো সহায়তা আমি নিচ্ছি না।„ তার কথা, ”আমি উপজেলা আওয়ামী লীগের সভাপতি হলেও আমি নির্বাচন থেকে সরে যাওয়ার কোনো নির্দেশ পাইনি।„ এই উপজেলায় আওয়ামী লীগের আরেক প্রার্থী মো. জাকির হোসেন বলেন, ”সে (লিটন) উপজেলা আওয়ামী লীগের সভাপতি হয়ে নেত্রীর নির্দেশনা অমান্য করেছে। সে বলছে, নেত্রী তো সোনাতলায় ভোট করবে না, আমি করবো। আমার বিষয় আমি বুঝবো। সে নেত্রীর আদেশ অমান্য করে ঔদ্ধত্য দেখিয়েছে। তাকে আর আওয়ামী লীগে রাখা উচিত না।„ তিনি অভিযোগ করেন, ”তার লোকজন এখন আমার কর্মী,সমর্থকদের ভয়ভীতি দেখাচ্ছে।„ মৌলভীবাজারের বড়লেখায় পরিবেশ, বন ও জলবায়ু বিষয়ক সাবেক মন্ত্রী ও বর্তমান এমপি শাহাব উদ্দিনের ভাগ্নে শুয়েব আহমদ প্রার্থীতা বহাল রেখেছেন। তিনি বড়লেখা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক। নরসিংদীর পলাশের এমপি ডা. আনোয়ারুল আশরাফ খান দিলীপের শ্যালক শরিফুল হক প্রার্থী আছেন। মাদারীপুর সদর উপজেলায় এমপি শাজাহান খানের ছেলে আসিবুর রহমান খান নির্বাচন করেছে। শাহজাহান খানের সঙ্গে এ নিয়ে ওবায়দুল কাদেরের রীতিমতো বাহাস হয়েছে ধানমন্ডির আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে।

চুয়াডাঙ্গা-২ আসনের এমপি আলী আজগার টগরের ভাই আলী মুনছুর বাবু দামুড়হুদায় প্রার্থী হয়েছেন। আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক ও সদর আসনের এমপি মাহবুব উল আলম হানিফের চাচাতো ভাই আতাউর রহমান আতা কুষ্টিয়া সদর উপজেলায় মনোনয়নপত্র প্রত্যাহার করেননি। আতাউর রহমান ওই উপজেলার বর্তমান চেয়ারম্যান। আতাউর রহমান দাবি করেন, ”যারা বর্তমানে উপজেলা চেয়ারম্যান আছেন, তাদের প্রার্থীতা প্রত্যাহার না করতে বলা হয়েছে।„ তবে মাহবুব উল আলম হানিফ বলেন,” আসলে বিষয়টি সেরকম নয়। ওই উপজেলায় আর একজন মাত্র প্রার্থী আছে। তিনি বিএনপির। তাই জেলা আওয়ামী লীগ সিদ্ধান্ত নিয়ে তাকে প্রার্থী হিসেবে রেখে দিয়েছে। তা না হলে ওই উপজেলা তো বিএনপির হাতে চলে যাবে।„ রাজশাহীর তানোরে চেয়ারম্যান প্রার্থী লুৎফর হায়দার রশীদ ময়না আওয়ামী লীগের স্থানীয় এমপি ফারুক চৌধুরীর চাচাতো ভাইয়ের ছেলে। তিনি মনোনয়নপত্র প্রত্যাহার করেননি। পাবনার বেড়ায় ডেপুটি স্পিকার অ্যাডভোকেট শামসুল হক টুকুর ছোট ভাই বেড়া পৌরসভার সাবেক মেয়র আবদুল বাতেন ও ভাতিজা আবুল কালাম সবুজ প্রার্থিতা প্রত্যাহার করেননি। আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন বলেন, ”অধিকাংশই প্রত্যাহার করেছে। অল্প কয়েকজন এখনো আছেন। এটা তাদের ঔদ্ধত্য নয়, তারা হয়তো মনে করছেন নির্বাচনে জিতলে নেত্রী মাফ করে দেবেন। আর ৩০শে এপ্রিল ওয়াকিং কমিটির বৈঠকে এ নিয়ে কথা হতে পারে।„

যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ বলেন, ”যেসব জায়গায় এখনো মন্ত্রী বা এমপিদের আত্মীয়-স্বজন প্রার্থী আছেন, তাদের ব্যাপারে সাংগঠনিক সম্পাদকরা তদন্ত করবেন। তারা দেখবে তাদের প্রার্থী থাকার যৌক্তিক কোনো কারণ আছে কিনা। তারা কেন্দ্রে রিপোর্ট দেয়ার পর সেইভাবে ব্যবস্থা নেয়া হবে। কারণ, কয়েক জায়গায় আমরা দেখেছি প্রার্থীতা প্রত্যাহার করলে অপর প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়ে যায়। তিনি আবার বিএনপির প্রার্থী। আর প্রত্যাহারের নির্দেশটি দেয়া হয়েছে মনোনয়নপত্র দাখিলের অনেক পরে। ফলে সমস্যা হয়ে গেছে,„ বলেন তিনি। এদিকে সার্বিক বিষয় নিয়ে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বুধবার এক সংবাদ সম্মেলনে বলেন, ”উপজেলা নির্বাচনে মন্ত্রী-এমপির স্বজনদের মধ্যে যারা প্রার্থিতা প্রত্যাহার করেননি, তাদের বিষয়ে সময়মতো ব্যবস্থা নেয়া হবে।„ তিনি বলেন, ”যারা প্রত্যাহার করেননি তাদের নির্বাচনের আগের দিন পর্যন্ত সরে আসার সুযোগ আছে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ:২৪.০৪.২০২৪ রিহাব)

## রানা প্লাজা ধসঃ ১১ বছরে কতটা বদলেছে শ্রমিকের জীবনমান?

রানা প্লাজা ধসের ১১ বছর পর কারখানায় নিরাপত্তাব্যবস্থায় অনেকটাই পরিবর্তন এসেছে। দীর্ঘ আন্দোলনের পর পোশাক শ্রমিকদের ন্যূনতম মজুরিও বেড়েছে। কিন্তু তাদের জীবনমানের উন্নয়ন হয়েছে কতটা? ২০১৩ সালের ২৩শে

এপ্রিল রানা প্লাজায় ফাটল দেখা দেয়ার পর সেখানে অনেকেই উপস্থিত হয়েছিলেন। বিভিন্ন সংবাদমাধ্যমের প্রতিনিধি তো বটেই, সাভারের পুলিশ কর্মকর্তা, সাভার উপজেলা নির্বাহী কর্মকর্তা, সবাই ঘুরে দেখে গেছেন ভবনের পরিস্থিতি। কিন্তু ইঞ্জিনিয়ার যখন নিজে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত জানাতে সাহস পাচ্ছিলেন না, ভবন মালিক রানা 'সামান্য প্লাস্টার খসে পড়েছে', 'ঝুঁকিপূর্ণ কিছু না' বলে ঘোষণা দেন। স্বয়ং ইউএনও যখন ভবন মালিকের সুরে সুর মিলিয়ে বললেন, 'তেমন আশঙ্কার কিছু নেই', তখন আসলে শ্রমিকদের আর কীই বা করার থাকতে পারে। ফাটলটি গুরুত্বপূর্ণ নয় বলে একটি টেলিভিশন ছাড়া অন্য কোনো সংবাদমাধ্যমে গুরুত্ব দিয়ে সংবাদটি প্রকাশও করা হয়নি। রানা প্লাজা ধসের আগেরদিন থেকে এই সংবাদ প্রচার করার চেষ্টা করা সাংবাদিক নাজমুল হুদা ডিডাব্লিউকে বলছিলেন, ''এত দায়িত্বশীল মানুষেরা সেখানে এসে ভবন পরিদর্শন করে গেছেন, এত সাংবাদিক সেখানে ছিলেন। একটু সচেতন হলেই হাজার মানুষের প্রাণ বাঁচানো যেত।'' গার্মেন্ট শ্রমিক সংহতির সভাপ্রধান আলোকচিত্রী তাসলিমা আখতার মনে করেন, অতি মুনাফার লোভই এর আসল কারণ। ডিডাব্লিউকে তিনি বলেন, ''বাংলাদেশের মালিক (কারখানার), সরকার বা বিদেশি ক্রেতারাও শ্রমিকদের মনে করতেন অনেকটা মেশিনের মতো। তারা শুধু কাজ করবে, তাদের কোনো স্বপ্ন থাকবে না। তাদের কোনো পরিবার থাকবে না। এই যে ভাবনা, যে তারা মালিকদের জন্য পণ্য তৈরি করবে আর তাদের মুনাফার আয়োজন করবে, সেটাই মূল সমস্যা।'' রানা প্লাজায় অবস্থিত পোশাক কারখানাগুলোতে কাজ করা শ্রমিকদের মন্তব্যেই স্পষ্ট, কী পরিস্থিতির মধ্য দিয়ে তাদের যেতে হয়েছিল। আগের দিন ফাটল দেখা দেয়ার পরদিন কারখানা ছুটি দেয়া হয়। পরদিন তাদের অনেকেই ভয়ে আর কাজ করতে চাচ্ছিলেন না। মাসের ২৪ তারিখ। আর এক সপ্তাহ পরই হয়তো বেতন হবে। বেশিরভাগ শ্রমিকেরই বাসা ভাড়া থেকে শুরু করে সব খরচের একমাত্র জোগান এই পোশাক কারখানার চাকরি। ২৪ তারিখ সকালে যারা রানা প্লাজায় ঢুকতে চাচ্ছিলেন না, তাদের হুমকি দেয়া হয় কাজ না করলে বেতন আটকে রাখার। ফলে অধিকাংশ শ্রমিকই বাধ্য হন কাজ শুরু করতে।

রানা প্লাজা ধস থেকে বেঁচে যাওয়া শ্রমিকদের কাছে এখনও সেই সময়ের স্মৃতি সমান স্পষ্ট। বরং অনেকের কাছে রানা প্লাজায় বেঁচে যাওয়ার পর বাকি জীবন বেঁচে থাকাটা একটা লড়াইয়ে পরিণত হয়েছে। রানা প্লাজার নিউ ওয়েভ বটমস লিমিটেডে অপারেটরের কাজ করতেন আজিরন বেগম। ধ্বংসস্তূপে চাপা পড়ার প্রথম দিনই উদ্ধার করা হয় তাকে। আপাতদৃষ্টিতে সুস্থ মনে হলেও, মেরুদণ্ড ও মাথায় আঘাত পাওয়ায় এখন দীর্ঘক্ষণ বসে বা দাঁড়িয়ে থাকতে পারেন না। ধামরাইয়ে ডয়চে ভেলে যখন তার সঙ্গে দেখা করতে গেলো, তখন তিনি একটি স্থানীয় দাতব্য সংস্থার অফিসে কিছু অর্থসাহায্যের জন্য ধর্ণা দিচ্ছেন। কেন? রানা প্লাজায় আহত শ্রমিকদের কি ক্ষতিপূরণ দেয়া হয়নি? তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়নি? আজিরন জানান, তার কারখানা প্রাইমার্কের পোশাক তৈরির কাজ করতো। সেই প্রতিষ্ঠান থেকে এককালীন ক্ষতিপূরণ হিসাবে তিনি কিছু টাকা পেয়েছেন। কিন্তু শারীরিক অক্ষমতার কারণে তিনি কোনো কাজই করতে পারছেন না। ফলে সেই টাকাও একসময় শেষ হয়ে গেছে। বাসা ভাড়াও জোগাড় করতে পারেন না বলে থাকছেন মেয়ের বাড়িতে। সেখানেও তাকে বোঝা মনে করে দুর্ব্যবহার করা হয়। আজিরন বলেন, ''এলাকার মানুষ বলে, তুমি এত খারাপ ব্যবহার সহ্য করেও মেয়ের বাড়িতে থাকো কেন? অন্য কোথাও সরে যাও। কিন্তু সরে কোথায় যাবো? কার কাছে যাবো?'' তিনি জানান, তার বাবা-মা মারা গেছেন অনেক আগেই। রানা প্লাজা ধসে আহত হওয়ার পর তার স্বামীও তাকে ছেড়ে চলে গেছেন। ভাইও তার সঙ্গে যোগাযোগ রাখতে চায় না। উপায় না দেখে বাবার কাছ থেকে পাওয়া নিজের ভাগের সম্পত্তি বিক্রি করে সেই টাকা দিয়েছিলেন মেয়ের জামাইকে। এখন সেটাও শেষ হয়ে যাওয়ায় তার আর কোনো উপায় নেই। আজিরন বলেন, ''জমিজমাও বিক্রি করে খেয়েছি। এখন কী খাবো? আমি যদি এই বয়সে মানুষের কাছে ভিক্ষা করতে যাই, মানুষ ভিক্ষা দিবে? মানুষ বলবে, তুই ভালো মানুষ, আমার বাড়িতে কাজ করে খা। মানুষ তো আর দেখছে না আমার শরীরে কোথায় কী সমস্যা!''

এই পরিস্থিতি শুধু আজিরনের নয়। নিউ ওয়েভ স্টাইলে সেলাই অপারেটর ছিলেন আফরোজা বেগম। কয়েক ধাপে লাখখানেক টাকার মতো ক্ষতিপূরণ পেয়েছিলেন তিনি। কিন্তু শারীরিক ও মানসিক সংকটে ভোগার কারণে কোনো কাজ করতে পারছেন না তিনিও। ফলে ক্ষতিপূরণের টাকা শেষ হয়েছে অনেক আগেই। সরকারি হাসপাতালে চিকিৎসা ও ওষুধের খরচ দেয়া হলেও সিটি স্ক্যানের মতো অনেক পরীক্ষার খরচ তাকেই বহন করতে হচ্ছে। আর সেখানেই তিনি হিমশিম খাচ্ছেন। আফরোজার পরিস্থিতিও অনেকটা আজিরনের মতোই। কয়েকবার নানা ধরনের কাজ করার চেষ্টা করেছেন, কিন্তু কয়েকদিন কাজ করলেই তার নানা শারীরিক সমস্যা দেখা দেয়ায় এখন আর কেউ তাকে কোনো কাজেও নিতে চায় না। ২০১৪ সালে হাইকোর্টের নির্দেশে রানা প্লাজায় হতাহত শ্রমিকদের ক্ষতিপূরণের জন্য একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছিল সরকার। কমিটি কিছু সুপারিশ করে। সেই সুপারিশ অনুযায়ী, স্থায়ীভাবে পঙ্গুত্ব বরণ করা শ্রমিকদের ১৪ লাখ ৫১ হাজার ৩০০ টাকা ক্ষতিপূরণের সুপারিশ করা হয়েছিল। একটি অঙ্গ হারানো শ্রমিকদের সাড়ে সাত লাখ টাকা, দীর্ঘমেয়াদে চিকিৎসা প্রয়োজন এমন শ্রমিকদের সাড়ে চার লাখ টাকা এবং মানসিকভাবে ক্ষতিগ্রস্ত শ্রমিকদের দেড় লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়ার সুপারিশ করা হয়েছিল। কিন্তু পোশাক কারখানা মালিকদের সংগঠন বিজিএমইএ 'বাংলাদেশের গার্মেন্টস মালিকদের এত টাকা ক্ষতিপূরণ দেয়ার সামর্থ্য নেই' বলে এইসব

সুপারিশের কোনোটাই মানেনি। অনেকে নিজেদের ক্ষতির প্রমাণ দিতে না পারায় ক্ষতিপূরণও পাননি। তাদেরই একজন আফরোজার ফুপাতো বোন ফাহিমা। ফাহিমা বেগম এবং তার বোন রিক্তা বেগম একই সঙ্গে কাজ করতে রানা প্লাজার তিন তলার একটি কারখানায়। ভবনটি যখন ধসে পড়ে, তখন ফাহিমা ছিলেন গর্ভবতী। তাকে আহত উদ্ধার করা হলেও তার গর্ভের সন্তানকে বাঁচানো যায়নি। তার বোন রিক্তার মরদেহ খুঁজে পাওয়া যাচ্ছিলো না। একসময় তাদের মা মানসিক ভারসাম্য হারান। একটু সুস্থ হয়েই হাসপাতাল থেকে দ্রুত মাকে নিয়ে গ্রামের বাড়িতে চলে যান ফাহিমা। যাওয়ার সময় হাসপাতালের ছাড়পত্র না নেয়ায় পরবর্তীতে আর কোনো ক্ষতিপূরণের দাবিও তিনি করতে পারেননি।

রানা প্লাজার ঘটনা কেবল বাংলাদেশ নয়, পুরো বিশ্বেই তোলপাড় তৈরি করেছিল। এরপর নড়েচড়ে বসে বিদেশি প্রতিষ্ঠানগুলোও। তাদের ওপর চাপ তৈরি হয় পোশাক শ্রমিকদের কর্মপরিবেশের নিরাপত্তা নিশ্চিত করার। এর পরিপ্রেক্ষিতে ইউরোপীয় ক্রেতা প্রতিষ্ঠানগুলো একজোট হয়ে গঠন করে অ্যাকর্ড। অ্যামেরিকার প্রতিষ্ঠানগুলো গঠন করে অ্যালায়েন্স জোট। এরপর থেকে পরিবেশের অনেক উন্নতি হয়েছে, এমনটা স্বীকার করছেন শ্রমিকদের অধিকার নিয়ে কাজ করা অ্যাক্টিভিস্টরাও। কিন্তু পাশাপাশি তারা এও বলছেন, ভবনের চেহারা বদলালেও শ্রমিকদের জীবনমানে সার্বিক উন্নতি আসেনি। বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিলস রানা প্লাজা ট্র্যাজেডির ১১ বছর উপলক্ষ্যে ঢাকার এক সংবাদ সম্মেলন করে। সেখানে সংগঠনটির নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ সাংবাদিকদের বলেছেন, রানা প্লাজার অভিজ্ঞতা অন্য শিল্পখাতে কাজে লাগানো হয়নি। একারণেই চট্টগ্রামে কনটেইনার ডিপো, নারায়ণগঞ্জে হাশেম ফুডের কারখানা, নিমতলী ও চুড়িহাট্টায় অগ্নিকাণ্ডের মতো দুর্ঘটনা ঘটেছে বলে মনে করেন তিনি। এমনকি এইসব দুর্ঘটনাতেও শ্রমিকেরা পর্যাপ্ত ক্ষতিপূরণ পাননি বলে দাবি তার। তাসলিমা আখতার বলেন, ''কিছু পরিবর্তন তো অবশ্যই হয়েছে। কাঠামোগত কিছু পরিবর্তন হয়েছে। আগে যেমন ভবনের নিরাপত্তা নিয়ে এত চিন্তা করা হতো না, এখন সেটা নিয়ে সচেতনতা বেড়েছে। কিন্তু শ্রমিকদের জীবনমানে এতে খুব একটা পরিবর্তন আসেনি।'' এখনও শ্রমিকদের ন্যায্য মজুরি দেয়া হচ্ছে না বলে অভিযোগ করেন তিনি। তিনি বলেন, ''শ্রমিকেরা এখনও একটা জীবন-মৃত্যুর লড়াইয়ের মধ্যে আছে। এক বছর আন্দোলনের পর এখন শ্রমিকেরা ন্যূনতম সাড়ে ১২ হাজার টাকা মজুরি পান। সেটাও এক বছর আন্দোলনের পর। আমরা দাবি করেছিলাম ২৫ হাজার টাকা। কিন্তু সরকার ও মালিক মিলে তাদের বেতন সাড়ে ১২ হাজার টাকা করে দিলো। অর্থাৎ, শ্রমিকেরা হয় ভবন ধসে বা আগুনে পুড়ে মারা যাবে। আর বেঁচে থাকলে তাদের কম খেয়ে, কম পরে, কম চেয়ে, কম স্বপ্ন দেখে বাঁচতে হবে।'' রানা প্লাজা ধসের পর বাংলাদেশের পোশাক শ্রমিকদের অধিকার নিয়েও সোচ্চার হয়েছিল দেশি-বিদেশি অধিকার সংগঠনগুলো। এরপর পোশাক শ্রমিকদের নানা ট্রেড ইউনিয়ন গড়ে ওঠে। কিন্তু সেগুলো নিয়েও রয়েছে নানা সমালোচনা। বিলসের ভাইস চেয়ারম্যান আনোয়ার হোসাইন মনে করেন, শ্রমিকদের কার্যকর ট্রেড ইউনিয়ন না থাকাটা বড় একটি সমস্যা। 'মালিকদের অনুগত লোক' দিয়ে ট্রেড ইউনিয়ন গঠনের ফলে শ্রমিকরা কার্যকরভাবে নিজেদের অধিকার নিয়ে কথা বলতে পারে না বলেও অভিযোগ তার।

রানা প্লাজা ধসের ঘটনায় দায়ের করা হত্যা মামলায় ১১ বছরে ৫৯৪ জন সাক্ষীর মধ্যে মাত্র ৮৩ জনের সাক্ষ্য নেয়া শেষ হয়েছে। রাষ্ট্রপক্ষের দাবি, সাক্ষীদের ডাকলেও তারা অনেকে আসছেন না। এমনকি আদালত থেকে সমন জারি করে, পুলিশ পাঠিয়েও অনেক সাক্ষীকে হাজির করতে হয়েছে বলে গণমাধ্যমে মন্তব্য করেছেন রাষ্ট্রপক্ষের আইনজীবী। এমন অভিযোগ অবশ্য বেশ কিছু শ্রমিক মানতে নারাজ। ডয়চে ভেলেকে আফরোজা বলেন, ''হাজার হাজার শ্রমিক কাজ করতো এই রানা প্লাজায়। সাক্ষীর তো অভাব নেই। কিন্তু আমাদের তো ডাকেই না। ডাকলে তো সাক্ষী দিতে যাবো।'' অবশ্য, রাষ্ট্রপক্ষের আইনজীবী বলছেন, মোটামুটি ১০০ জনের সাক্ষ্য পেলেই তারা মামলার কাজ শেষ করতে পারবেন। দ্রুতই তা শেষ হবে বলেও আশা প্রকাশ করেছেন তারা। অন্যদিকে, আসামিপক্ষের আইনজীবী বরাবরই দাবি করে আসছেন, জমির মালিক হিসাবে সোহেল রানার বাবা-মায়ের নাম তাকে জামিন দেয়া উচিত। আসামীর আইনজীবীর দাবির পরিপ্রেক্ষিতে ২০২৩ সালের ৬ এপ্রিল ভবন মালিক সোহেল রানাকে জামিন দেন হাইকোর্ট। তবে পরবর্তীতে সেই আদেশ স্থগিত করে আপিল বিভাগ। তবে সবশেষ ১৫ জানুয়ারি ৬ মাসের মধ্যে হত্যা মামলার বিচার শেষ করতে বিচারিক আদালতকে নির্দেশ দিয়েছে আপিল বিভাগ। এর মধ্যে বিচার শেষ না হলে রানার জামিনের বিষয়টি আদালত বিবেচনা করবে বলে আশ্বাস দেয়া হয়েছে বলে গণমাধ্যমকে জানিয়েছেন রানার আইনজীবী সাবেক খাদ্যমন্ত্রী মো. কামরুল ইসলাম। বিচারের ধীরগতি নিয়ে দীর্ঘদিন ধরে হতাশা প্রকাশ করে আসছেন আহত শ্রমিক এবং অধিকারকর্মীরা। রানা প্লাজা ধসকে দুর্ঘটনা নয়, বরং 'কাঠামোগত হত্যাকাণ্ড' বলে দাবি করে আসছে শ্রমিক অধিকার নিয়ে কাজ করা বিভিন্ন সংগঠন। রানা প্লাজা ধসের পর পোশাক কারখানার নিরাপত্তার দিকটি নজরে এলেও সার্বিকভাবে বাংলাদেশের ভবনের নিরাপত্তা এখনও নিশ্চিত করা যায়নি। ঢাকার বেইলি রোডে একটি ভবনে আগুনে অন্তত ৪৬ জনের প্রাণহানির পর আবার নতুন করে বিষয়টি আলোচনায় আসে। দমকল বাহিনী সূত্রে জানা যায়, ঢাকার শতকরা ৫৫ ভাগ, অর্থাৎ অর্ধেকেরও বেশি ভবন রয়েছে আগুনের ঝুঁকিতে। এরমধ্যে রয়েছে সরকারি মালিকানায় থাকা বিভিন্ন ভবনও।

তাহলে কোনো দুর্ঘটনা ঘটার আগেই এসব ভবনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয় না কেন? এই নিরাপত্তা দেখভালের দায়িত্ব ফায়ার সার্ভিসের। কিন্তু এই সংস্থাটির ভূমিকা অনেকটা ঢাল নাই তলোয়ার নাই, নিধিরাম সর্দারের মতোই। ব্যবস্থা নেয়ার মতো কোনো ক্ষমতা না থাকায় নোটিশ দেয়াতেই সীমাবদ্ধ থাকতে হয় তাদের। বেইলি রোডের আগুনে পুড়ে যাওয়া গ্রিন কোজি কটেজকেও তিন বার নোটিশ দিয়েছি দমকল বাহিনী। বেইলি রোডের অগ্নিকাণ্ডের পর ফায়ার সার্ভিসের পরিচালক (অপারেশন এন্ড মেইনটেন্যান্স) লে. কর্নেল মো. তাজুল ইসলাম চৌধুরী ডয়চে ভেলেকে জানিয়েছিলেন, "মামলা করে তেমন ফল হয় না। ২০১৪ সালের বিধিমালা স্থগিত থাকার ফলে মামলা কাজে আসে না। আমাদের নিজস্ব ম্যাজিস্ট্রেট না থাকায় মোবাইল কোর্ট পারিচালনাও কঠিন।„ তিনি বলেন, "আমরা কোনো ঝুঁকিপূর্ণ ভবন সিল গালা করতে পারিনা। আইনে আমাদের সেই ক্ষমতা নাই। বার বার নোটিশ দেয়ার পরও যখন ভবন মালিক আমলে না নেয় তখন আমরা ভবনটি অগ্নি ঝুঁকিপূর্ণ বলে নোটিশ টানিয়ে দিই। কিন্তু আমরা চলে আসার পর তারা তা ছিড়ে ফেলেন।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ:২৪.০৪.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### উপজেলা নির্বাচনে কোনো প্রার্থীর প্রচারণায় যেতে পারবেন না সংসদ সদস্যরা

সংসদ সদস্যরা উপজেলা নির্বাচনে কোনো প্রার্থীর নির্বাচনি প্রচারণায় যেতে পারবেন না বলে আবারো সাফ জানিয়েছেন নির্বাচন কমিশনার ইসি মোহম্মদ আলমগীর। তিনি বলেন, একজন সংসদ সদস্য তার নির্বাচনি এলাকায় অবশ্যই যেতে পারবেন। তবে কোনো প্রার্থীর নির্বাচনি প্রচারণায় যেতে পারবেন না। ভোটের দিন কেন্দ্রে গিয়ে তার ভোট দিতে পারবেন। কিন্তু কোনো প্রার্থীকে সঙ্গে নিয়ে যেতে পারবেন না। বুধবার বিকেলে প্রথম ধাপে টাঙ্গাইল জেলার উপজেলা পরিষদ নির্বাচনে প্রার্থীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, যে কেন্দ্রে নির্বাচন হবে সেখানে যদি আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটে অথবা সুষ্ঠু নির্বাচনের পরিবেশ না থাকে তাহলে সেখানে যে প্রিজাইডিং অফিসার আছেন তিনি এই নির্বাচন বন্ধ করতে পারবেন।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ এলিনা)

### রাঙ্গামাটির সাজেকে একটি ট্রাক খাদে পড়ে নিহত হয়েছেন ৬ জন

রাঙ্গামাটির সাজেকে সড়ক থেকে একটি ডাম্প ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে ৬ শ্রমিক নিহত ও আরো ১৩ জন আহত হয়েছেন। বুধবার সকাল সাড়ে ছয়টার দিকে সাজেক ইউনিয়নের উদয়পুরে সীমান্ত সড়কের ৯০ ডিগ্রি টিলা এলাকায় এই দুর্ঘটনা ঘটে। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, সাজেক উদয়পুর সীমান্ত সড়কে ৯০ ডিগ্রী এলাকায় কাছে এসে শ্রমিকদের নিয়ে উপজেলা সদর ফেরার পথে নিয়ন্ত্রণ হারিয়ে পাহাড়ি খাদে পড়ে যায় ট্রাকটি। এতে ঘটনাস্থলেই ৬ জন শ্রমিক মারা যায়। এই দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন আরও ১৩ জন। তাদের উদ্ধার করে সেনাবাহিনী ও বিজিবির সহায়তায় দীঘিনালা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়েছে।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ এলিনা)

### দিনের তাপমাত্রা আরও বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া অফিস

সারাদেশে চলমান তাপপ্রবাহ নিয়ে কোনো সুসংবাদ দিতে পারিনি আবহাওয়া অধিদপ্তর। উল্টো আবহাওয়া অফিস বলছে, দিনের তাপমাত্রা আরও বৃদ্ধি পেতে পারে আজ। অন্যদিকে সিলেটে আরো রয়েছে বৃষ্টির সম্ভাবনা। বিক্ষিপ্তভাবে হতে পারে শিলাবৃষ্টিও। বুধবার সকাল ৯টায় দেওয়া আবহাওয়াবিদ মোহম্মদ তরিফুল নেওয়াজ কবির স্বাক্ষরিত এক পূর্বাভাসে এসব তথ্য দেয়া হয়েছে। পূর্বাভাসে বলা হয়েছে, সিলেট বিভাগের দুই/এক জায়গায় ঝোড়ো হওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টিও হতে পারে। এছাড়া দেশের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ এলিনা)

### ঢাকা শহরের মানুষের মাঝে সুপেয় পানির ব্যবস্থা করেছে সিভিল ডিফেন্স ও ফায়ার সার্ভিস

সারাদেশে তীব্র তাপদাহে জনজীবন হয়ে উঠেছে দুর্বিষহ। এই তাপদাহে ঢাকা শহরের সাধারণ মানুষ, পথচারী, রিকশাচালকসহ বিভিন্ন পেশার মানুষের মাঝে স্বস্তি আনতে সুপেয় পানির ব্যবস্থা করেছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স। বুধবার সকাল থেকে ঢাকা শহরে বিভিন্ন স্থানে ১৮০০ লিটারের ওয়াটার ট্যাঙ্ক স্থাপন করে এই সেবা প্রদান করা হয়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর মিডিয়া সেল থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ এলিনা)

### পদত্যাগ না করেই উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন ইউপি চেয়ারম্যানরা

পদত্যাগ না করেই উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরা এমন আদেশ দিয়েছেন হাইকোর্ট। এ আদেশের ফলে উপজেলা পরিষদ নির্বাচনে অংশ নিতে ইউপি চেয়ারম্যানদের পদত্যাগ করতে হবে না বলে জানিয়েছেন আইনজীবীরা। মঙ্গলবার বিচারপতি শেখ হাসান আরিফের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ

এই আদেশ দেন। কুষ্টিয়া ও সিলেটের দুটি উপজেলা নির্বাচনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের রিটের পরিপ্রেক্ষিতে আদালত ও আদেশ দেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন ড. শাহদিন মালিক।
(রেডিও টুডে:৮৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

**উপজেলা নির্বাচনে মন্ত্রী-এমপিদের স্বজনরা প্রার্থিতা প্রত্যাহার না করলে ব্যবস্থা: ওবায়দুল কাদের**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন উপজেলা নির্বাচনে মন্ত্রী-এমপিরা স্বজনদের প্রার্থীতা প্রত্যাহারের ব্যাপারে দলের পক্ষ থেকে যে ঘোষণা আছে তা অমান্য করলে সময়মতো ব্যবস্থা নেয়া হবে। বুধবার রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। ওবায়দুল কাদের বলেন দল যার যার কর্মকাণ্ড বিচার করবে। চূড়ান্ত পর্যায় পর্যন্ত যারা প্রত্যাহার করবে না সময় মতো দল তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

**হজ ব্যবস্থাপনায় আধুনিক তথ্য প্রযুক্তির সন্নিবেশ ঘটনা হয়েছে : ধর্মমন্ত্রী**

ধর্মমন্ত্রী মো. ফরিদুল হক খান বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত রূপকল্প-২০২১ ও ২০৪১ অনুসারে উন্নত-সমৃদ্ধ, স্মার্ট বাংলাদেশ গড়ার অংশ হিসেবে হজ ব্যবস্থাপনায় আধুনিক তথ্য প্রযুক্তির সন্নিবেশ ঘটনা হয়েছে। হজ ব্যবস্থাপনাকে ডিজিটালাইজড করা হয়েছে। এ সংক্রান্ত যে পোর্টালটি রয়েছে সেখানে আমরা নতুন নতুন ফিচার যুক্ত করেছি। আগামী দিনে বাংলাদেশের হজ ব্যবস্থাপনা হবে বিশ্বের মধ্যে অন্যতম স্মার্ট হজ ব্যবস্থাপনা। বুধবার সকালে ঢাকা হজ অফিসের সম্মেলন কক্ষে হজ যাত্রী প্রশিক্ষণ-২০২৪ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ধর্মমন্ত্রী এসব কথা বলেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

**র‌্যাবের আইন ও গণমাধ্যম শাখার নতুন পরিচালক কমান্ডার আরাফাতুল ইসলাম**

র‌্যাবের আইন ও গণমাধ্যম শাখার পরিচালক হিসেবে কমান্ডার আরাফাত ইসলাম আজ বুধবার দায়িত্ব নিয়েছেন। র‌্যাব সদর দপ্তরের সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। আরাফাত ইসলাম কমান্ডার খন্দকার আল মঈনের স্থলাভিষিক্ত হলেন। ১৮এপ্রিল খন্দকার আল-মুঈন নিজ বাহিনী নৌবাহিনীতে বদলী হন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

**চলমান তাপ প্রবাহ আরো বাড়ার ইঙ্গিত দিল আবহাওয়া অফিস**

সারাদেশে চলমান তাপ প্রবাহ নিয়ে কোনো সুসংবাদ দিতে পারেনি আবহাওয়া অধিদপ্তর। উল্টো আবহাও অফিস বলছে দিনের তাপমাত্রা আরও বৃদ্ধি পেতে পারে আজ। অন্যদিকে সিলেটে আজ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বুধবার সকাল ন'টায় দেওয়া আবহাওয়াবিদ তরিফুল নেওয়াজ কবির স্বাক্ষরিত এক পূর্বাভাসে তথ্য দেয়া হয়েছে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

**২০শে এপ্রিল থেকে গতকাল মঙ্গলবার পর্যন্ত হিট স্ট্রোকে এ পর্যন্ত ৩৩ জনের বেশি মানুষ মারা গেছে**

হিটস্ট্রোকে প্রতিদিন মানুষের মৃত্যু হচ্ছে। গতকাল মঙ্গলবারও একজন পুলিশ কনস্টেবলসহ রাজধানী ঢাকা ও বিভিন্ন জেলায় নয় জনের মৃত্যু হয়েছে বলে বিভিন্ন সংবাদমাধ্যম সূত্রে জানা গেছে। গণমাধ্যমের অনুযায়ী গত ২০ এপ্রিল থেকে গতকাল মঙ্গলবার পর্যন্ত চার দিনে সারা দিনে হিট স্ট্রোকে মারা গেছেন ৩৩ জনের বেশি মানুষ।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

**কতজন রোহিঙ্গা কক্সবাজার থেকে বাংলাদেশের নাগরিকত্ব পেয়েছে তা জানতে চেয়েছেন হাইকোর্ট**

মিয়ানমার থেকে বাংলাদেশে আসা কতজন রোহিঙ্গা কক্সবাজার থেকে বাংলাদেশের নাগরিকত্ব পেয়েছেন বা ভোটার করা হয়েছে তার তালিকা চেয়েছেন হাইকোর্ট। আগামী ৬ জুনের মধ্যে কক্সবাজারের জেলা প্রশাসকসহ সংশ্লিষ্টদের এই তালিকা আদালতে দাখিল করতে বলা হয়েছে। বুধবার বিচারপতি নাঈমা হায়দার ও বিচারপতি কাজী জিনাত হকের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

**চুয়েটের দুই শিক্ষার্থী নিহতের ঘটনায় আজও সড়ক অবরোধ করেছেন শিক্ষার্থীরা**

দুই শিক্ষার্থী নিহতের ঘটনায় দ্বিতীয় দিনের মতো কাপ্তাই সড়ক অবরোধ করেছেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চুয়েটের শিক্ষার্থীরা। বুধবার সকাল ৯ টা থেকে শুরু হয় শিক্ষার্থীদের বিক্ষোভ। গত সোমবার চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় চট্টগ্রাম কাপ্তাই সড়কে মোটরসাইকেলে বাসের ধাক্কায় চুয়েটের দুই শিক্ষার্থী নিহত হন। এই ঘটনায় মামলা হলেও এখনো কাউকে গ্রেফতার করা হয়নি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

**কক্সবাজারের চকরিয়ায় ট্রেনের বগি লাইনচ্যুত হওয়ায় কক্সবাজার-চট্টগ্রাম রেল যোগাযোগ বন্ধ রয়েছে**

চট্টগ্রাম থেকে কক্সবাজারগামী ঈদ স্পেশাল বা বিশেষ ট্রেনের ইঞ্জিনসহ তিনটি বগি লাইনচ্যুত হয়েছে। এতে কক্সবাজার- চট্টগ্রাম রুটের রেল যোগাযোগ বন্ধ রয়েছে। বুধবার সকাল দশটার দিকে চকরিয়া উপজেলার ডুলাহাজারায় এই লাইনচ্যুতের ঘটনা ঘটে। তবে এতে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। কক্সবাজার আইকনিক রেলস্টেশনের মাষ্টার মো. গোলাম রাব্বানী এই তথ্য নিশ্চিত করেছেন।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

## নাটোরে স্বেচ্ছাসেবক লীগের দুই নেতাকে দল থেকে অব্যাহতি দেয়া হয়েছে

নাটোরে প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে অপহরণ ও মারধরের ঘটনায় স্বেচ্ছাসেবক লীগের দুই নেতাকে দল থেকে অব্যাহতি দেয়া হয়েছে। মঙ্গলবার রাতে জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে অব্যাহতির বিষয়ে দলীয় সিদ্ধান্তের কথা জানানো হয়। অব্যাহতি প্রাপ্ত দুই নেতা হলেন সিংড়া উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি হাসান ইমাম ও সাধারণ সম্পাদক মোহন আলি। গত ১৫ই এপ্রিল জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়ের ভেতর থেকে সিংড়া উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী দেলোয়ার হোসেনকে অপহরণ ও মারধর করে দুর্বৃত্তরা। তবে পরবর্তীতে ওই নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা মনোনয়ন প্রত্যাহার করে নিলে শেষ পর্যন্ত অপহৃত প্রার্থী দেলোয়ার হোসেন ভোট ছাড়াই সিংড়া উপজেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

## ছয় দিনের দ্বিপক্ষীয় সফরে থাইল্যান্ডে পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

থাইল্যান্ডের প্রধানমন্ত্রী স্রেথা থাভিসিনের আমন্ত্রণে ছয় দিনের দ্বিপক্ষীয় সফরে ব্যাংকক পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমানবন্দরে তাকে রাজকীয় কায়দায় বরণ করে থাই সরকার। শেখ হাসিনার এই সফরের মধ্য দিয়ে স্বাধীনতার ৫২ বছর পর থাইল্যান্ডে বাংলাদেশের কোনো সরকার প্রধান সফর করলেন। বুধবার স্থানীয় সময় দুপুর ১টা ৮মিনিটে ব্যাংককের ডন মুয়েং আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান প্রধানমন্ত্রী। বিমানবন্দরে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানান থাইল্যান্ডের উপপ্রধানমন্ত্রী আনতিন চান রাকুন এবং দেশটির ইন্টেরিয়র মন্ত্রী পোয়াং পেত চুন লাইয়াথ, ঢাকায় নিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূত ম্যাকাও ওয়াদি সুমিত মোর, থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. আব্দুল হাই এবং থাইল্যান্ডের রাষ্ট্রাচার প্রধান এয়ার ভাইস মার্শাল চুংফোন ক্লোই ভায়ান।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

## সুপ্রিম কোর্টের আপিল বিভাগে তিনজন বিচারপতি নিয়োগ দিয়েছেন রাষ্ট্রপতি

সুপ্রিম কোর্টের আপিল বিভাগে তিনজন বিচারপতি নিয়োগ দিয়েছেন রাষ্ট্রপতি। তারা হলেন বিচারপতি মো. আবদুল হাফিজ, বিচারপতি মো. শাহিনুল ইসলাম ও বিচারপতি কাশিফা হোসেন। রাষ্ট্রপতির আদেশক্রমে তাদের নিয়োগ দিয়ে বুধবার প্রজ্ঞাপন জারি করেছে আইন মন্ত্রণালয়। আইন সচিব মো. গোলাম সরোয়ার স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বলা হয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৫ এর (১) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে কর্মরত তিনজন বিচারককে তাদের শপথ গ্রহণের তারিখ হতে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারক নিয়োগ করেছেন। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

## শিক্ষার্থীদের মূল্যায়নের ধরন পরিবর্তন হলেও দশম শ্রেণির পাবলিক পরীক্ষার নাম পরিবর্তন হচ্ছে না

নতুন শিক্ষাক্রম অনুযায়ী দশম শ্রেণির শেষে যে পাবলিক পরীক্ষা হবে সেটির নাম এখনকার মত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এসএসসি পরীক্ষাই থাকছে। তবে এই পাবলিক পরীক্ষা এবং শিক্ষার্থীদের অর্ধবার্ষিক ও বার্ষিক মূল্যায়নের ধরন এখনকার মতো থাকছে না। নতুন ব্যবস্থায় শিক্ষার্থীদের মূল্যায়ন হবে কার্যক্রম ভিত্তিক এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। কার্যক্রম বলতে বোঝানো হয়েছে এসাইনমেন্ট করা, উপস্থাপন, অনুসন্ধান, পরিকল্পনা প্রণয়ন ইত্যাদি। এর মাধ্যমে হাতে-কলমে যে মূল্যায়ন হবে তার গড় ভারিত্ব হবে ৫০ শতাংশ। অন্যদিকে লিখিত অংশের ভারিত্ব হবে ৫০ শতাংশ। লিখিত অংশের প্রশ্নপত্র হবে কার্যক্রমের বিষয়বস্তুর মধ্যে মিল দেখে। নতুন শিক্ষাক্রম বাস্তবায়ন ও মূল্যায়ন পদ্ধতি চূড়ান্তকরণের কার্যক্রম সমন্বয়ের জন্য শিক্ষা মন্ত্রণালয় গঠিত কমিটি যে সুপারিশ তৈরি করেছে তাতে এমন ব্যবস্থার কথা বলা হয়েছে। কমিটি তাদের এই সুপারিশ শিক্ষা মন্ত্রীর কাছে দেবে তারপর আনুষঙ্গিক প্রক্রিয়া অনুসরণ করে পূর্ব নির্ধারিত জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি এনসিসি সভায় অনুমোদনের জন্য তা তোলা হবে। সেই কমিটির অনুমোদন পেলে নতুন মূল্যায়ন কাঠামো সবাইকে জানিয়ে দেয়া হবে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

## চট্টগ্রামে বাসের ধাক্কায় চুয়েটের দুই শিক্ষার্থী নিহতের ঘটনায় বাস চালক গ্রেফতার

বাসের ধাক্কায় চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চুয়েটে পুরো কৌশল বিভাগের দুই শিক্ষার্থী নিহতের ঘটনায় বাস চালক তাজুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার দুপুরে চট্টগ্রাম নগরীর কোতোয়ালী এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। তার বাড়ি চট্টগ্রামের রাঙ্গুনিয়ার পৌরসভার উত্তর ঘাট এলাকায়। চট্টগ্রামের অতিরিক্ত পুলিশ সুপার আবু তৈয়ব মুহাম্মদ আরিফ হোসেন গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন। এর আগে গত সোমবার বিকেলে কাপ্তাই সেলিনা কাদের চৌধুরী কলেজ সংলগ্ন এলাকায় বাসের ধাক্কায় নিহত চুয়েটের পুরোকৌশল বিভাগের দুই শিক্ষার্থী। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

## বাংলাদেশে নির্যাতিত সংখ্যালঘুদের ভারতের নাগরিকত্ব দেওয়া হবে : অমিত শাহ

বাংলাদেশে নির্যাতিত সংখ্যালঘুদের ভারতের নাগরিকত্ব দেয়া হবে বলে মন্তব্য করেছেন ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি বলেছেন, অনুপ্রবেশকারীদের হাত থেকে বাংলাকে মুক্ত করতে এখানে সংশোধিত নাগরিকত্ব আইন সিএএ কার্যকর করা জরুরি। এ বাংলায় অনুপ্রবেশকারীদের রুখতে পারে একমাত্র বিজেপি। ভারতের লোকসভা নির্বাচনের প্রচারে মঙ্গলবার দুপুরে পশ্চিমবঙ্গের উত্তর দিনাজপুরের রায়গঞ্জের করণ দীঘিতে এক নির্বাচনি জনসভায় এসব কথা বলেন আমিত শাহ। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৪.০৪.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## এক গাছে পাঁচবার ধান, দেশের খাদ্য চাহিদা মেটাতে বড় সফলতা

অস্ট্রেলিয়া প্রবাসী বাংলাদেশি বিজ্ঞানী ড. আবেদ চৌধুরীর উদ্ভাবিত `পঞ্চব্রীহি, ধানকে দেশের জন্য বড় সফলতা হিসেবে দেখছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাছার। তিনি বলেন, একটি ধানগাছ থেকে পাঁচবার ফসল উৎপাদন করা বাংলাদেশের জন্য একটি বড় সফলতা। বুধবার (২৪শে এপ্রিল) দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস) মিলনায়তনে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এমন মন্তব্য করেন। পাঁচবার ফলনশীল ধানগাছ নিয়ে `পঞ্চব্রীহি মাল্টি-হারভেস্ট রাইস: এ পাথওয়ে টু ফুড সিকিউরিটি অ্যান্ড ক্লাইমেট মিটিগেশন, শীর্ষক এ সেমিনারের আয়োজন করা হয়।

অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাছার বলেন, একদিকে দেশে জনসংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে আবাদি জমি কমে যাচ্ছে, অন্যদিকে জলবায়ু পরিবর্তন ও বেশিরভাগ জমিতে এক ফসলী ধান উৎপাদনসহ বিভিন্ন কারণে খাদ্য সংকট তৈরি হচ্ছে। এক্ষেত্রে এই গবেষণা ও উদ্ভাবন আমাদের খাদ্য চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সরকার ও বিভিন্ন প্রতিষ্ঠানের যৌথ সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় কারস এই জাতীয় গবেষণাকে আরও এগিয়ে নিয়ে যাবে। এর সুফল মানুষের জন্য কল্যাণ বয়ে আনবে বলে আশাবাদ ব্যক্ত করছি। বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের (বিএফএফ) সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস এই সেমিনার আয়োজন করে। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, শিক্ষার্থীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশ নেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## এসএসসিতে থাকছে ৫০ শতাংশ লিখিত পরীক্ষা, সময় ৫ ঘণ্টা

নতুন কারিকুলামে প্রথমবার এসএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হবে ২০২৬ সালে। এ পরীক্ষার নাম ও মূল্যায়ন পদ্ধতি কেমন হবে, তা ঠিক করতে উচ্চপর্যায়ের একটি কমিটি গঠন করে শিক্ষা মন্ত্রণালয়। কমিটির সদস্যরা এ পরীক্ষার নাম `মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি), রাখার পক্ষে মতামত দিয়েছেন। একইসঙ্গে ৫০ শতাংশ লিখিত পরীক্ষা রাখাসহ কয়েকটি সুপারিশের খসড়া প্রস্তুত করা হয়েছে। সেগুলোর মধ্যে রয়েছে- লিখিত মূল্যায়ন ৫০ শতাংশ আর কার্যক্রমভিত্তিক মূল্যায়ন হবে ৫০ শতাংশ। ১০ বিষয়ের ওপর শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে। পরীক্ষা হবে পাঁচ ঘণ্টার। গত ২২ এপ্রিল মূল্যায়ন পদ্ধতি নিয়ে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি) নিয়মিত বৈঠক করে শিক্ষা মন্ত্রণালয়ের ওই কমিটি। বৈঠকে খসড়া সুপারিশ নিয়ে বিস্তর আলোচনা হয়। সেখানে এসব বিষয় তুলে ধরা হয়।

এনসিটিবির চেয়ারম্যান অধ্যাপক মো. ফরহাদুল ইসলাম জাগো নিউজকে বলেন, `মূল্যায়ন পদ্ধতি নিয়ে এনসিটিবিরও একটি কমিটি ছিল। সেই কমিটি একটি সুপারিশ মন্ত্রণালয়ের গঠিত উচ্চপর্যায়ের কমিটির কাছে জমা দিয়েছে। এগুলো এখনো চূড়ান্ত নয়। আরও পর্যালোচনা করে সুপারিশ চূড়ান্ত করা হবে।,

এদিকে, লিখিত পরীক্ষার বিষয়ে কমিটির সুপারিশে বলা হয়েছে, মূল্যায়ন পদ্ধতিতে যোগ্যতা ও কার্যক্রমভিত্তিক মূল্যায়নের পাশাপাশি লিখিত (পরীক্ষা) মূল্যায়ন রাখা যেতে পারে। আন্তঃসম্পর্ক বজায় রেখে লিখিত মূল্যায়নের ওয়েটেজ ৫০ শতাংশ ও কার্যক্রমভিত্তিক মূল্যায়নের ওয়েটেজ ৫০ শতাংশ রাখার কথা বলা হয়েছে। স্কুলভিত্তিক ষান্মাসিক ও বার্ষিক মূল্যায়ন এবং পাবলিক মূল্যায়নে একই পদ্ধতিতে করা যেতে পারে। পরীক্ষার সময় ঠিক কত ঘণ্টা হবে, সে বিষয়ে সুপারিশ অংশে কিছু উল্লেখ করা হয়নি। কমিটির একাধিক সদস্য জানিয়েছেন, লিখিত ও কার্যক্রমভিত্তিক মূল্যায়ন মিলিয়ে মোট সময় হবে পাঁচ ঘণ্টা। এরমধ্যে লিখিত অংশের সময় কত ও কার্যক্রমভিত্তিক অংশের জন্য সময় কত হবে, তা বিষয়ের ওপর নির্ভর করবে।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোহাম্মদ খালেদ রহীম গণমাধ্যমকে বলেন, নতুন কারিকুলামে পাবলিক পরীক্ষার মূল্যায়ন পদ্ধতির কিছু সুপারিশ নিয়ে আলোচনা হয়েছে। প্রতিবেদনটি শিগগির চূড়ান্ত করে মন্ত্রণালয়ে জমা দেওয়া হবে।(জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## তীব্র গরমে বেনাপোলে পচছে আমদানি করা ৩৭০ টন আলু

খালাসের অপেক্ষায় থাকা ভারত থেকে আমদানি করা ৩৭০ টন আলু বেনাপোল বন্দরে পচতে শুরু করেছে। এসব আলু রংপুরের একটি বেভারেজ কোম্পানিতে নেওয়া হবে বলে জানিয়েছে আমদানিকারক প্রতিষ্ঠানের স্থানীয় প্রতিনিধি।

অন্যদিকে দ্রুত খালাস না হলে এসব আলু খাওয়ার অযোগ্য হয়ে যাওয়ার আশঙ্কা করছেন ব্যবসায়ীরা। তবে আমদানি করা এ আলু খোলা বাজারে বিক্রি হবে না। বন্দর সূত্র জানায়, ২১শে এপ্রিল রাতে ভারতের পেট্রাপোল বন্দর দিয়ে ১৬ ট্রাকে ৩৭০ মেট্রিক টন আলু আমদানি হয়। তবে আমদানি করা আলু ২০০ কিলোমিটার দূরে থেকে লোড করে বেনাপোল বন্দরে পৌঁছাতে ছয়দিন লেগে যায়। বেনাপোল বন্দর থেকে তিনদিনেও আলু খালাস না হওয়ায় তীব্র গরমে ট্রাকে থাকা আলু পচে রস পড়তে দেখা গেছে।

এ বিষয়ে বেনাপোল স্থলবন্দরের পরিচালক রেজাউল করিম বলেন, বেনাপোল বন্দর দিয়ে ১৬টি ট্রাকে ৩৭০ মেট্রিক টন আলু আমদানি হয়েছে। আলুর চালানটি এখনো বন্দরে রয়েছে। দ্রুত ছাড়করণের জন্য আমদানিকারকদের সহযোগিতা করা হচ্ছে।(জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## সোনার দাম আরও কমলো, ভরি ১ লাখ ১৪ হাজার ১৯১ টাকা

দেশের বাজারে সোনার দাম আরও কিছুটা কমানো হয়েছে। সব থেকে ভালো মানের বা ২২ ক্যারেটের এক ভরি (১১ দশমিক ৬৬৪ গ্রাম) সোনায় ২ হাজার ৯৯ টাকা কমিয়ে নতুন দাম নির্ধারণ করা হয়েছে। এতে ভালো মানের প্রতি ভরি সোনার দাম হয়েছে ১ লাখ ১৪ হাজার ১৯১ টাকা। স্থানীয় বাজারে তেজাবী সোনার (পাকা সোনা) দাম কমার প্রেক্ষিতে এ দাম কমানো হয়েছে। বুধবার (২৪শে এপ্রিল) বিকেল ৪টা ৫০ মিনিট থেকে নতুন দাম কার্যকর হবে বলে জানিয়েছে বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)। এর আগে গতকাল মঙ্গলবার ঘোষণা দিয়ে ওইদিন থেকে ভালো মানের এক ভরি সোনার দাম ৩ হাজার ১৩৮ টাকা কমিয়ে ১ লাখ ১৬ হাজার ২৯০ টাকা নির্ধারণ করা হয়। এখন আবার দাম কমানোর মাধ্যমে দু,দিনে ভালো মানের সোনার দাম ভরিতে ৫ হাজার ২৩৭ টাকা কমলো।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## এবারের ইদযাত্রায় সড়কে দুর্ঘটনা ও প্রাণহানি বেড়েছে

এবারের ইদযাত্রায় সড়ক দুর্ঘটনা এবং প্রাণহানি দুটোই বেড়েছে। গত বছর ইদুল ফিতরে ২৪০টি দুর্ঘটনায় ২৮৫ জনের প্রাণহানি ঘটেছিল। এবার ৩৫৮টি দুর্ঘটনায় ৩৬৭ জন নিহত হয়েছেন। এ হিসাবে গত বছরের তুলনায় এবার দুর্ঘটনা বেড়েছে ৩৯ দশমিক ২০ শতাংশ এবং প্রাণহানি বেড়েছে ২০ দশমিক ১৯ শতাংশ। রোড সেফটি ফাউন্ডেশনের এক প্রতিবেদনে বলা হয়েছে, এবারের ইদুল ফিতরের আগে ও পরে ১৫ দিনে (৪ থেকে ১৮ এপ্রিল) সারাদেশে ৩৫৮টি সড়ক দুর্ঘটনায় ৩৬৭ জন নিহত এবং ১ হাজার ৫০০ জনের বেশি আহত হয়েছেন। নিহতের মধ্যে নারী ৬৩ ও শিশু ৭৪ জন। গত বছর ইদযাত্রায় প্রতিদিন গড়ে ১৭ দশমিক ১৪টি দুর্ঘটনায় ২০ দশমিক ৩৫ জন নিহত হয়েছিল। এ বছর ইদযাত্রায় প্রতিদিন গড়ে ২৩ দশমিক ৮৬টি দুর্ঘটনায় ২৪ দশমিক ৪৬ জন নিহত হয়েছেন। এছাড়া ইদ উদ্‌যাপনকালে সড়ক দুর্ঘটনায় পাঁচটি পরিবার পুরোপুরি নিশ্চিহ্ন হয়ে গেছে। এছাড়া স্কুল, মাদরাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নিহত হয়েছেন ৭৪ জন।

এবার ইদযাত্রায় ১৮৩টি মোটরসাইকেল দুর্ঘটনায় মারা গেছেন ১৫৬ জন, যা মোট নিহতের ৪২ দশমিক ৫০ শতাংশ। মোটরসাইকেল দুর্ঘটনার হার ৫১ দশমিক ১১ শতাংশ। দুর্ঘটনায় ৬৮ জন পথচারী নিহত হয়েছেন, যা মোট নিহতের ১৮ দশমিক ৫২ শতাংশ। যানবাহনের চালক ও সহকারী নিহত হয়েছেন ৪১ জন, অর্থাৎ ১১ দশমিক ১৭ শতাংশ। বুধবার (২৪শে এপ্রিল) রাজধানীর ধানমন্ডিতে সংগঠনটির কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ প্রতিবেদন প্রকাশ করা হয়। এতে লিখিত বক্তব্য পড়ে শোনান রোড সেফটি ফাউন্ডেশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ আই মাহবুব উদ্দিন আহমেদ।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## অস্বাভাবিক হারে নামছে ভূগর্ভস্থ স্তর, গভীর নলকূপেও মিলছে না পানি

তীব্র দাবদাহে রাজশাহীর তানোর ও বাঘা উপজেলার বেশকিছু গ্রামে দেখা দিয়েছে পানি সংকট। নিচে নেমে গেছে ভূগর্ভস্থ পানির স্তর। এ অবস্থায় দেড় থেকে দুই কিলোমিটার পথ পাড়ি দিয়ে টিউবওয়েল থেকে পানি আনতে হচ্ছে তাদের। সাম্প্রতিক সময়ে বরেন্দ্র অঞ্চলে কম বৃষ্টিপাত হয়েছে। তিনটি মৌসুমের পুরো চাষাবাদ হয়েছে ভূগর্ভস্থ পানির ব্যবহারে। গবেষকরা বলছেন, বৃষ্টির অভাবে বর্ষা মৌসুমে ভূগর্ভস্থ পানির স্তর স্বাভাবিক না হওয়া ও নির্বিচারে পানি তোলায় এ অঞ্চলে তাপপ্রবাহের সময়সীমা বেড়েছে। এতে কৃষিকাজ ও খাওয়ার পানির সংকট দেখা দিয়েছে।

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) তথ্য বলছে, রাজশাহীর বরেন্দ্র অঞ্চলের ৭১ শতাংশ এলাকা মাঝারি, উচ্চ ও অতিউচ্চ পানি সংকটাপন্ন। জলবায়ু পরিবর্তনের প্রভাবে কম বৃষ্টিপাত, দীর্ঘস্থায়ী খরা ও ভূগর্ভস্থ পানি উত্তোলনের কারণে পানির স্তর ক্রমশ নিচে নামছে। গত গ্রীষ্মে রাজশাহীর তানোর এলাকায় ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমেছে ১১৩ ফুট পর্যন্ত। ভূগর্ভস্থ পানির পুনর্ভরণ (স্বাভাবিক) না হওয়ায় গড়ে এ অঞ্চলে চার ফুট করে নেমেছে পানির স্তর। সেইসঙ্গে অস্বাভাবিক হারে বাড়ছে তাপমাত্রা।

গবেষণার তথ্যে বলা হয়, ১৯৮৫ থেকে ১৯৯০ সাল পর্যন্ত বরেন্দ্র অঞ্চলে ভূগর্ভস্থ পানির গড় স্তর ছিল ২৬ ফুট নিচে। খাওয়ার পানি ছাড়াও কৃষিজমিতে সেচ এবং মাছচাষে অতিরিক্ত ভূগর্ভস্থ পানি উত্তোলন করায় ২০১০ সালে পানির গড় নিম্নস্তর ছিল ৫০ ফুট। ২০২১ সালে ভূগর্ভস্থ পানির গড় নিম্নস্তর আরও নিচে নেমে দাঁড়ায় ৬০ ফুটে। খরায় তানোর

উপজেলার পাঁচন্দর ইউনিয়নে পানি সংকট সবচেয়ে বেশি। এখানকার বাসিন্দারা প্রায় এক কিলোমিটার দূর থেকে পানি সংগ্রহ করছেন তাদের গৃহস্থালি কাজ ও খাওয়ার জন্য। একই চিত্র বাঘা উপজেলার কয়েকটি গ্রামে। টিউবওয়েল ও ডিপ টিউবওয়েলেও উঠছে না পানি। এসব গ্রামের মানুষকেও পানি সংগ্রহের জন্য ছুটতে হচ্ছে দূর-দূরান্তে। এদিকে পানির অভাবে ও চৈত্রের খরতাপে কৃষিজমি ফেটে চৌচির। ভূগর্ভস্থ পানির স্তর নেমে যাওয়ায় সেচ দেওয়াও সম্ভব হচ্ছে না। (জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## মন্ত্রী-এমপির স্বজনরা প্রার্থিতা প্রত্যাহার না করলে ব্যবস্থা

উপজেলা নির্বাচনে মন্ত্রী-এমপির স্বজনরা প্রার্থিতা প্রত্যাহার না করলে সময়মতো সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে বলে সতর্ক করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। বুধবার দুপুরে রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে এই সতর্কবার্তা দেন তিনি। ওবায়দুল কাদের বলেন, উপজেলা নির্বাচনে প্রথম পর্যায়ে প্রার্থিতা প্রত্যাহারের সময় পেরিয়ে গেছে। এদের মধ্যে অনেকেই বলেছেন যে, `আমরা বিষয়টি আরও আগে জানলে সিদ্ধান্ত নিতে সুবিধা হতো।, তারপরও কেউ কেউ প্রার্থিতা প্রত্যাহার করেছেন, আবার কেউ করেননি। নির্বাচন কমিশনে সময় শেষ হয়ে গেলে প্রার্থিতা প্রত্যাহার করতে পারেন না। এই বিষয়টা চূড়ান্ত হতে নির্বাচন পর্যন্ত অপেক্ষা করতে হবে। এখানে কেউ অমান্য করলে সাংগঠনিক ব্যবস্থা নেওয়ার সুযোগ আছে দলে। সময়মতো সিদ্ধান্ত নেওয়া হবে। তিনি আরও বলেন, আমাদের দলে ডিসিপ্লিনারি অ্যাকশনের বিষয় আছে। দল যার যার কর্মকাণ্ড বিবেচনায় বিভিন্ন সময় বিভিন্ন কৌশলে ডিসিপ্লিনারি অ্যাকশন নিয়ে থাকে। চূড়ান্ত পর্যায়ে যারা প্রত্যাহার করবে না এ ব্যাপারে দলের সিদ্ধান্ত সময় মতো নেওয়া হবে।

এ ক্ষেত্রে দল থেকে বহিষ্কার করা হবে কি না- এমন প্রশ্নে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, সাধারণ ক্ষমা একটা বিশেষ পরিস্থিতিতে দলীয় রণকৌশল। সেটা হতেই পারে। দলের সভাপতি নিতে পারেন। তবে নির্বাচন হওয়া পর্যন্ত প্রার্থিতা প্রত্যাহারের সুযোগ আছে। বিএনপির সমাবেশের দিনে আওয়ামী লীগেরও সমাবেশ থাকে- সাংবাদিকের এমন প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, বিএনপির সন্ত্রাসী কর্মকাণ্ড থেকে জনগণকে রক্ষায় কর্মসূচি দেয় আওয়ামী লীগ। বিএনপি একতরফা সমাবেশ করতে গেলে সন্ত্রাস ও আগুন সন্ত্রাসের আশঙ্কা থেকে যায়। জনগণের জানমাল রক্ষায় সরকারি দল হিসেবে আমাদের দায়িত্ব আছে। আমরা মাঠে থাকলে তারা এসব অপকর্ম করতে মানসিকভাবে চাপে থাকবে। সেজন্য আমরা কর্মসূচি দেই। বিএনপির চোরাগোপ্তা হামলা প্রতিহত করতে জনগণের স্বার্থে আমাদের কর্মসূচি থাকা উচিত। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম, সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক, এস এম কামাল হোসেন, মির্জা আজম, আবু সাঈদ আল মাহমুদ স্বপন, সুজিত রায় নন্দীসহ কেন্দ্রীয় আওয়ামী লীগের নেতারা।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## তীব্র গরমে প্রাথমিক-মাধ্যমিকে অনলাইনে ক্লাস চালুর চিন্তা

দেশজুড়ে তীব্র তাপপ্রবাহে শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষায় দীর্ঘ ছুটি শেষেও খোলেনি শিক্ষাপ্রতিষ্ঠান। গত ২১শে এপ্রিল ছুটি বাড়িয়ে ২৫শে এপ্রিল পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের ঘোষণা দেয় সরকার। ২৬ ও ২৭শে এপ্রিল শুক্র ও শনিবার হওয়ায় ৭ দিন বন্ধের পর ২৮ এপ্রিল পুনরায় শিক্ষাপ্রতিষ্ঠানে ক্লাস শুরু হওয়ার কথা। তবে তাপপ্রবাহ না কমায় এ ছুটি বাড়ছে নাকি ২৮শে এপ্রিল শিক্ষাপ্রতিষ্ঠান খুলছে, তা নিয়ে শুরু হয়েছে আলোচনা। অভিভাবকদের একটি অংশ এবং অভিভাবক ঐক্য ফোরাম নামে একটি সংগঠন অনলাইনে ক্লাস চালু রাখার দাবি তুলেছে। অনেকে আবার আরও কিছুদিন শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার পক্ষে মত দিচ্ছেন। এমন পরিস্থিতিতে কী ভাবছে শিক্ষা প্রশাসন? এমন প্রশ্নের অবশ্য সরাসরি জবাব মেলেনি। চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া এবং বিকল্প উপায় নিয়ে আলাপ-আলোচনা চালানোর কথা জানিয়েছেন শিক্ষাপ্রতিষ্ঠান তদারককারী প্রতিষ্ঠানগুলোর কর্মকর্তারা।

শিক্ষা প্রশাসন বলছে, তীব্র গরমে ছুটি বাড়ানো কীংবা অনলাইনে ক্লাস নেওয়া নিয়ে কোনো সিদ্ধান্তই এখনো হয়নি। শিক্ষামন্ত্রী বিদেশ সফরে থাকায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ এ নিয়ে আলোচনা করেনি। আলোচনা চললেও প্রাথমিক বিদ্যালয় নিয়ে এখনো সিদ্ধান্ত নেয়নি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরও। তবে মাধ্যমিক, কারিগরি ও মাদরাসা এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের মধ্যে অনলাইনে ক্লাস চালুর বিষয়ে জোর আলোচনা রয়েছে। হাফ পিরিয়ড বা স্বল্প পরিসরে ক্লাস চালু করতেও মত দিচ্ছেন অনেকে। পাশাপাশি অ্যাসাইনমেন্টসহ ঘরে বসেই শিক্ষার্থীরা করতে পারে- এমন কাজ দেওয়ার নির্দেশনা দেওয়া নিয়ে চিন্তাভাবনা করছেন তারা। তাপপ্রবাহে সবচেয়ে বেশি ঝুঁকিতে শিশু শিক্ষার্থীরা। তবে প্রাথমিক বিদ্যালয় বন্ধ রাখা বা খোলা নিয়ে কোনো সিদ্ধান্তই হয়নি বলে জানিয়েছেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি) শাহ রেজওয়ান হায়াত। তিনি জাগো নিউজকে বলেন, `ছুটি বাড়ানো, ক্লাস কমিয়ে হাফ পিরিয়ড বা স্বল্প পরিসরে নেওয়া কিংবা অনলাইনে ক্লাস চালু করা- সব বিষয় সামনে রেখেই আমরা চিন্তা-ভাবনা করছি। তবে কোনো সিদ্ধান্তই এখনো চূড়ান্ত হয়নি। শুক্রবার (২৬ এপ্রিল) বিষয়টি নিয়ে আলোচনা এবং চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে। যে সিদ্ধান্তই আসুক, তা শিক্ষার্থীদের জন্য অবশ্যই

ইতিবাচক হবে। নেতিবাচক সিদ্ধান্ত সরকার নেবে না।, অন্যদিকে মাধ্যমিক বিদ্যালয়ে ছুটি আর বাড়ছে না বলেই জানিয়েছেন শিক্ষা প্রশাসনের কর্মকর্তারা। তাপপ্রবাহ যদি না কমে, সেক্ষেত্রে অনলাইনে ক্লাস চালানোর নির্দেশনা দেওয়া হতে পারে। শিক্ষার্থীদের বেশি বেশি অ্যাসাইনমেন্ট দিয়ে অ্যাকটিভ (সক্রিয়) রাখার জন্যও শিক্ষকদের পরামর্শ দেওয়া হতে পারে। (জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## আড়াই বছরে নেই রিজার্ভের ২৩ বিলিয়ন ডলার

আড়াই বছর (২০২১ সালের আগস্ট) আগেও দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ছিল ৪৮ দশমিক শূন্য ৬ বিলিয়ন। তবে দেশের প্রকৃত যে পরিমাণ রিজার্ভ রয়েছে তা দিয়ে তিনমাসের আমদানি দায় মেটানো কষ্টকর বলছেন সংশ্লিষ্টরা। আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী, কোনো দেশের রিজার্ভ দিয়ে কমপক্ষে তিনমাসের আমদানি ব্যয় মেটানোর সক্ষমতা থাকা জরুরি। রিজার্ভের এমন পরিস্থিতিতে উদ্বেগ দেখা দিয়েছে আমদানিকারকদের মাঝে। অপরদিকে, আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফের) ৪ দশমিক ৭০ বিলিয়ন ডলার ঋণ ছাড়ে রিজার্ভের বেধে দেওয়া লক্ষ্য পূরণেও ব্যর্থ হচ্ছে। সংকটময় পরিস্থিতির মধ্যেই ঋণের শর্তসমূহ নিয়ে আলোচনা করতে আইএমএফর বিশেষ দল আজ বুধবার ঢাকায় আসছে। বাংলাদেশ ব্যাংকের সূত্র বলছে, আড়াই বছর আগে রিজার্ভ ছিল ৪৮ দশমিক শূন্য ৬ বিলিয়ন। আর মঙ্গলবার (২৩শে এপ্রিল) দেশের গ্রস রিজার্ভ ছিল ২৫ দশমিক ৩২ বিলিয়ন ডলার। আর আইএমএফের পরামর্শে বিপিএম-৬ অনুযায়ী, ছিল ১৯ দশমিক ৯৭ বিলিয়ন ডলার। তবে এটি প্রকৃত রিজার্ভ নয়, এর বাইরে আরও একটি হিসাব হয়, যা শুধু আইএমএফকে দেওয়া হয়। সে হিসাবে আড়াই বছরেই রিজার্ভ কমেছে প্রায় ২৩ বিলিয়ন ডলার।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## বিভিন্ন শহরে সুপেয় পানির ব্যবস্থা করার সুপারিশ

দেশের বিভিন্ন শহর পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ ও সুপেয় পানির ব্যবস্থা করার সুপারিশ করেছে দ্বাদশ জাতীয় সংসদের সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত কমিটি। বুধবার (২৪শে এপ্রিল) সংসদ ভবনে কমিটির সভাপতি মুহিবুর রহমান মানিকের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এ সুপারিশ করা হয়। কমিটির সদস্য মো. মুজিবুল হক, রফিকুল ইসলাম, কামাল আহমেদ মজুমদার, মুহম্মদ শফিকুর রহমান, এ কে এম মোস্তাফিজুর রহমান এবং ফজিলাতুন নেসা বৈঠকে অংশ নেন। বৈঠকের শুরুতেই অনুষ্ঠিত হয় পরিচিতি পর্ব। এরপর একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন থেকে দ্বাদশ জাতীয় সংসদের সম্প্রতি সমাপ্ত অধিবেশন পর্যন্ত প্রধানমন্ত্রী এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রীর প্রতিশ্রুতির বিবরণ, প্রতিশ্রুতি বাস্তবায়নের সর্বশেষ হালনাগাদ অবস্থা এবং গৃহীত প্রকল্পগুলোর বিবরণ উপস্থাপন এবং বিস্তারিত আলোচনা করা হয়।

বৈঠকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিবেদন অনুযায়ী ৪৮টি প্রতিশ্রুতির মধ্যে ১১টি বাস্তবায়িত হয়েছে, ৩৫ বাস্তবায়নাধীন রয়েছে এবং দু,টি স্থগিত রয়েছে মর্মে জানানো হয়। বাস্তবায়নাধীন ও প্রক্রিয়াধীন প্রতিশ্রুতিগুলোর বিপরীতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় গৃহীত কার্যক্রমগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত সম্পন্ন করার জন্য কমিটির পক্ষ থেকে সুপারিশ করা হয়। দেশের বিভিন্ন শহর পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম গ্রহণ ও সুপেয় পানির ব্যবস্থা করণের প্রতি গুরুত্বারোপ করা হয়। মন্ত্রণালয় কর্তৃক গৃহিত প্রকল্পের কাজের গুণগতমান ও বাস্তবায়ন অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করে পর্যবেক্ষণ ও মতামত দেওয়ার জন্য বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে (আইএমইডি) জোর সুপারিশ করা হয়। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগের সচিব, প্রধান প্রকৌশলী, অতিরিক্ত সচিব, সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের (আইএমইডি) অতিরিক্ত সচিব, মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাসহ সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।(জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## রাঙ্গামাটিতে ডাম্প ট্রাক খাদে পড়ে ৬ শ্রমিক নিহত

রাঙ্গামাটির বাঘাইছড়িতে নিয়ন্ত্রণ হারিয়ে ডাম্প ট্রাক খাদে পড়ে ছয় শ্রমিক নিহত হয়েছেন। এসময় আরও অন্তত ৮ জন আহত হয়েছেন। বুধবার (২৪শে এপ্রিল) বিকেল সাড়ে ৫টার দিকে সাজেকের উদয়পুর সীমান্ত এলাকায় এ দুর্ঘটনা ঘটে। বাঘাইছড়ি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শিরিন আক্তার জানান, সাজেকের উদয়পুর সীমান্ত সড়কের কাজ শেষে খাগড়াছড়ি দিকে ফেরার পথে ১৪ জন শ্রমিক নিয়ে ডাম্প ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায়। এতে ছয় শ্রমিক ঘটনাস্থলে মারা যান। এসময় আহত হয়েছেন আরও আটজন। হতাহতদের হাসপাতালে নেওয়া হচ্ছে।(জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## দীর্ঘ কারাভোগ শেষে মিয়ানমার থেকে দেশে ফিরলেন ১৭৩ বাংলাদেশি

`ছেলে রিদুয়ানকে (১৯) আমি মুরগি ও মাছের খামার করে দিয়েছিলাম। সেসব নিয়ে তার ভালোই দিন কাটছিল। কিন্তু অকস্মাৎ একদিন সে উধাও হয়ে যায়। সব জায়গায় খুঁজেও তারে আর পাচ্ছিলাম না। আশা ছেড়ে দিয়েছিলাম, ছেলেকে আর ফিরে পাবো না। এভাবে কেটে যায় এক বছর। হঠাৎ বিদেশি একটি নম্বর থেকে কল আসে। ও প্রান্ত

থেকে রিদুয়ান বলছিল, সে মিয়ানমারের কারাগারে বন্দি। মালয়েশিয়া যাওয়ার পথে আটক হয়েছিল সেসহ আরও বেশ কয়েকজন। কবে ফিরতে পারবে সেটা অনিশ্চিত ছিল। কিন্তু দৈবক্রমে বন্দি সময়ের ১৮ মাসের মাথায় আজ ফিরে এসেছে রিদুয়ান। তারে পেয়ে মনে হলো, জীবনের ডুবে যাওয়া সূর্য মেঘমুক্ত আকাশে আবার উদিত হয়েছে।, দীর্ঘদিন মিয়ানমারের কারাগারে বন্দি থাকার পর ছেলে রিদুয়ান দেশে ফেরত আসায় এভাবেই প্রতিক্রিয়া ব্যক্ত করছিলেন কক্সবাজারের টেকনাফের হোয়াইক্যং বাজার এলাকার বাসিন্দা হাসান আলী।

মিয়ানমারে অনুপ্রবেশের দায়ে দীর্ঘসময় কারাভোগের পর বুধবার (২৪শে এপ্রিল) দেশে ফিরে এসেছেন ১৭৩ জন বাংলাদেশি। দুপুর দেড়টার দিকে তাদের বহনকারী জাহাজটি ঘাটে পৌঁছায়। এর আগে মঙ্গলবার (২৩শে এপ্রিল) সকালে মিয়ানমারের সিটওয়ে বন্দর থেকে তাদের নিয়ে মিয়ানমারের একটি জাহাজ বাংলাদেশের উদ্দেশ্যে রওয়ানা দেয়। সকালে জাহাজটি বাংলাদেশের সমুদ্রসীমায় পৌঁছানোর পর বাংলাদেশি একটি জাহাজে তাদের তুলে নেওয়া হয়। পরে জাহাজটি কক্সবাজারের বাঁকখালী নদীর মোহনায় নুনিয়ারছড়া বিআইডব্লিউটিএ ঘাটের উদ্দেশ্যে যাত্রা করে দুপুর দেড়টার দিকে গন্তব্যে পৌঁছায়। এরপর দুপুর পৌনে ২টা থেকে ১০ জন করে দলবদ্ধভাবে তাদের জাহাজ থেকে নামিয়ে এনে স্বজনদের কাছে হস্তান্তর করা হয়।

জেলা প্রশাসনের সূত্রমতে, মিয়ানমার থেকে ফেরত আসা ১৭৩ জনের মধ্যে ১২৯ জনের বাড়িই কক্সবাজারে। বাকিদের মধ্যে ৩০ জন বান্দরবান, সাতজন রাঙ্গামাটি ও খাগড়াছড়ির বাসিন্দা। এছাড়া নোয়াখালী, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজবাড়ী, নরসিংদী ও নীলফামারী জেলার রয়েছেন একজন করে। ফেরত আসা ১৭৩ জনের মধ্যে ১৪৪ জন বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্ত হয়ে মিয়ানমারে বন্দি ছিলেন। তাদের সাজার মেয়াদ শেষ হয়েছে আগেই। বাকি ২৯ জনের সাজার মেয়াদ শেষ না হলেও তাদের বিশেষ ক্ষমার আওতায় আনা হয়।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

## হিট অ্যালার্ট আরও তিনদিন, মে,র প্রথম সপ্তাহে বৃষ্টির আভাস

হিট অ্যালার্টের (তাপপ্রবাহের সতর্কবার্তা) মেয়াদ বাড়ছে আরও তিনদিন। বৃহস্পতিবার (২৫শে এপ্রিল) থেকে পরবর্তী ৭২ ঘন্টা বা তিনদিন তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। একইসঙ্গে মে মাসের প্রথম সপ্তাহে দেশের বিভিন্ন অঞ্চলে বৃষ্টি হতে পারে বলেও জানিয়েছেন আবহাওয়াবিদরা। বুধবার (২৪শে এপ্রিল) সন্ধ্যায় বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মো. আজিজুর রহমান জাগো নিউজকে বলেন, `আমরা এর আগে তিনদিনের যে হিট অ্যালার্ট জারি করেছিলাম তার মেয়াদ আজ শেষ হচ্ছে। আগামীকাল থেকে আরও তিনদিনের হিট অ্যালার্ট জারি করা হবে। কারণ, আপাতত বড় পরিসরে বৃষ্টি হয়ে তাপপ্রবাহ দূর হওয়ার সম্ভাবনা নেই।, তিনি বলেন, `আমরা হিট অ্যালার্ট জারি করে সরকারকে জানিয়ে দেই। সরকার সে অনুযায়ী ব্যবস্থা নেবে। সংশ্লিষ্টরা তাদের করণীয় যা সেটা করবে।,

আজিজুর রহমান বলেন, `সারাদেশের তাপমাত্রা গতকালের থেকে আজ কিছুটা বেড়েছে। চলতি এপ্রিল মাসে তাপপ্রবাহ পুরোপুরি দূর হওয়ার কোনো সম্ভাবনা নেই। আমরা দেখছি যে এটা মে মাসের ২/৩ তারিখ পর্যন্ত চলবে। এরপর হয়তো বিভিন্ন অঞ্চলে কিছু বৃষ্টির সম্ভাবনা আছে। এর আগে পর্যন্ত বড় পরিসরে বৃষ্টির সম্ভাবনা নেই। স্থানীয়ভাবে বিচ্ছিন্নভাবে কোথাও কোথাও বৃষ্টি হতে পারে।, আবহাওয়া অধিদপ্তরের পরিচালক আরও বলেন, `আপাতত দিনের তাপমাত্রা ৪২ ডিগ্রি সেলসিয়াস পার হওয়ার কোনো লক্ষণ দেখছি না। ৩০শে এপ্রিল পর্যন্ত তাপমাত্রা আর খুব বেশি বাড়ার সম্ভাবনা নেই।, আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বুধবার খুলনা বিভাগসহ দিনাজপুর, নীলফামারী, রাজশাহী, পাবনা, ফরিদপুর ও গোপালগঞ্জ জেলার ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। ময়মনসিংহ, মৌলভীবাজার, রাঙামাটি, চাঁদপুর, নোয়াখালী, ফেনী ও বান্দরবান জেলাসহ বরিশাল বিভাগ এবং রংপুর, রাজশাহী ও ঢাকা বিভাগের অবশিষ্টাংশের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এটা অব্যাহত থাকতে পারে বলেও জানান হাফিজুর রহমান। বুধবার দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস ছিল মোংলায়। এদিন ঢাকায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৯ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ নারগীস)

# BBC

**US TO SEND NEW UKRAINE AID THIS WEEK: BIDEN**

US President Joe Biden says his country will start sending fresh weapons and equipment to Ukraine within days. Late on Tuesday, the US Senate approved a $95bn foreign aid package that includes military support for Israel and Taiwan as well as Ukraine. Mr Biden vowed to sign it off "as soon as it reaches my desk" on Wednesday, so that aid can be sent this week. Ukraine has recently stepped up its calls for Western assistance as Russia makes steady gains in its invasion. Included in the package is $61bn in military aid for Ukraine. It passed the Senate in a bipartisan vote of 79-18. (BBC Web Page: 24/04/24, FARUK)

**UN HORRIFIED BY GAZA HOSPITAL MASS GRAVE REPORTS**

The UN's human rights chief has said he is "horrified" by the destruction of Gaza's Nasser and al-Shifa hospitals and the reports of "mass graves" being found at the sites after Israeli raids. Volker Turkey called for independent investigations into the deaths. Palestinian officials said they had exhumed 283 bodies at Nasser, some with their hands tied. It is not clear how they died or when they were buried. Israel's military said claims that it buried bodies there were "baseless". But it did say that during a two-week operation at the hospital in the city of Khan Younis in February, troops "examined" bodies buried by Palestinians "in places where intelligence indicated the possible presence of hostages".
(BBC Web Page: 24/04/24, FARUK)

**TOP RUSSIAN DEFENCE OFFICIAL ACCUSED OF TAKING BRIBES**

A Russian deputy defence minister has been accused of taking bribes and remanded in custody by a court in Moscow. Timur Ivanovich, who denies the charges, is accused of accepting bribes "on a particularly large scale". Appointed to the defence ministry in 2016, Mr Ivanov, 47, has been responsible for Russia's military infrastructure projects. Activists have long criticized the levels of alleged corruption in Russia. However, such high profile cases have rare since the start of Russia's full-scale invasion of Ukraine in 2022.
(BBC Web Page: 24/04/24, FARUK)

**ARGENTINA SEEKS ARREST OF IRANIAN MINISTER OVER BOMBING**

Argentina has asked Interpol to issue an arrest notice for the Iranian interior minister, Ahmad Vahidi. The request comes less than two weeks after a court in Argentina held Iran responsible for the 1994 attack on a Jewish community centre in Buenos Aires, in which 85 people were killed. Mr Vahidi was in Pakistan earlier this week as part of an Iranian delegation which is now in Sri Lanka. Argentina said it had also asked the two countries to detain Mr Vahidi. The Argentine Foreign Ministry said in a statement that Interpol had issued a so-called "red notice". (BBC Web Page: 24/04/24, FARUK)

**FLOODS CAUSE WIDESPREAD DEVASTATION IN KENYA**

Roads have turned into rivers in the Kenyan capital Nairobi, as a top official said flooding had "escalated to extreme levels". Heavy rain has pounded Kenya in recent days, causing widespread devastation. The UN says that at least 32 people have lost their lives and more than 40,000 have been forced from their homes because of the rain and flooding. Hundreds of others in Nairobi and nearby areas were marooned by floods following heavy rain overnight. Local media reported that residents of the Mathare slum had been forced to sleep on rooftops overnight. (BBC Web Page: 24/04/24, FARUK)

**TENTS APPEAR IN GAZA AS ISRAEL PREPARES RAFAH OFFENSIVE**

Satellite images show two new tent encampments in southern Gaza as reports suggest Israel's military is preparing for an offensive in the city of Rafah. Rafah, by the border with Egypt, is the only city in Gaza it has not yet entered. Well over a million people have been sheltering there for months. The US has said a plan to protect them must be in place before any offensive. Israeli PM Benjamin Netanyahu insists entering Rafah is necessary to defeat Hamas and search for hostages. (BBC Web Page: 24/04/24, FARUK)

**RESTART AID TO PALESTINIAN UN AGENCY: EU URGES**

The EU has called on international donors to resume funding to Gaza's largest UN agency. It comes after a review found that Israel had not provided evidence for its claim that thousands of UNRWA staff were members of terror groups. Several nations halted funding to the agency, after allegations that some employees took part in the Hamas attacks on Israel. The US says it will not restart its aid until UNRWA makes real progress. UNRWA, which provides

healthcare, education and humanitarian aid to Palestinians, employs 13,000 people in Gaza. (BBC Web Page: 24/04/24, FARUK)

**ARMENIANS FEAR ANOTHER WAR DESPITE TALK OF PEACE**

When more than 1,00,000 ethnic Armenians fled their homes in Nagorno-Karabakh last September, Nina Shahverdyan and her brother, parents and cousin spent 30 hours on the road trying to leave. "People died of heart attacks. People died because they were just too old to live through that pain. Children were crying," she remembers. In a matter of days Azerbaijan's military regained all the lands it had lost in a war triggered by the collapse of the Soviet Union. (BBC Web Page: 24/04/24, FARUK)

**DOZENS DIE AFTER BOAT CAPSIZES OFF DJIBOUTI COAST**

At least 33 Ethiopian migrants - including an eight-year-old boy - have died after their boat capsized off the coast of Djibouti, officials have told the BBC. They were among 77 people crossing the Red Sea from Yemen to Ethiopia, the UN's migration agency reported. Fishermen alerted coastguards to the tragedy on Tuesday after witnessing some of the migrants drowning. Rescuers managed to save more than 20 people but others remain missing. They have since been repatriated to Ethiopia by the UN's migration agency, the IOM. (BBC Web Page: 24/04/24, FARUK)

**::The End::**